# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 27, 1430 Bangla, February 10, 2024, Saturday, No. 41, 54th year

# H I G H L I G H T S

Foreign Minister Dr. Hasan Mahmud says, Indian President Draupadi Murmu praises Bangladesh Prime Minister Sheikh Hasina for her contribution to women empowerment. (VOA: 7)

AL GS Obaidul Quader comments, BNP will have to pay for the mistake it made by not participaiting in election - adds, the western world does not deal with Pakistan in the same way they did with BD and imposed visa ban. (R. Today: 12, Jago FM: 13)

Food Minister Sadhan Chandra Majumdar says, unreasonable price hikes will not be tolerated in any way - adds, if necessary, there is instruction to import rice to control the market. (Jago FM: 15)

BNP leader Ruhul Kabir Rizvi says, India wants fragile democracy in Bangladesh. That is why it have supported January 7 election - alleges govt. can not send back Rohingyas due to diplomatic failure. (VOA: 8, R. Today: 12)

JP Chairman GM Quader comments, Myanmar's civil war has created a big problem for Bangladesh - adds, JP will participate in upcoming upazila election with its party symbol. (R. Today: 11)

President of Nagorika Oikya Mahmudur Rahman Manna says, UK Prime Minister Rishi Sunak has written to PM to take back illegal Bangladeshis from England. But this letter was not printed anywhere. (R. Jago: 15)

Anti-India issue is becoming visible in political field of Bangladesh after national election - debates and criticisms about campaign of boycotting Indian products are also intensifying in various social media. (BBC: 3)

DG of Directorate of National Consumers' Right Protection AHM Shafiquzzaman says, it will take some more time to get benefits of reducing import duty of products at consumer level. (Jago FM: 15)

As Ramadan approaches, prices of essentials are increasing - price of vegetables in peak season is still beyond purchasing power of commoners - onion price hit 100 taka again. (R. Tehran: 10)

DSCC launches a new server for birth registration violating laws and regulations - people are suffering to get various services including passports using birth registration certificate taken through this server. (DW: 11)

At least four people have died in violence in northern Indian state of Uttarakhand after authorities demolished a mosque, alleging it was constructed illegally. Curfew has been imposed in that area. (BBC: 17)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ২৭, ১৪৩০ বাংলা, ফেব্রুয়ারি ১০, ২০২৪, শনিবার, নং- ৪১, ৫৪তম বছর**

# শিরোনাম

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, নারীর ক্ষমতায়নে অবদান রাখায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু (ভোয়া: ৭)

বিএনপি নির্বাচনে না এসে যে ভুল করেছে তার খেসারত অনেকদিন দিতে হবে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের - বলেন, বাংলাদেশকে নিয়ে পশ্চিমা বিশ্ব যেভাবে মাতামাতি করে, ভিসা নিষেধাজ্ঞা নিয়ে আসে সেভাবে পাকিস্তান নিয়ে করে না। (রে. টুডে: ১২, জাগো এফ এম: ১৩)

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, অযৌক্তিকভাবে দাম বাড়ানো কোনোভাবেই মেনে নেওয়া হবে না। প্রয়োজনে বাজার নিয়ন্ত্রণে চাল আমদানির নির্দেশনা রয়েছে বলে জানান তিনি। (জাগো এফ এম: ১৫)

বিএনপি নেতা রুহুল কবির রিজভী বলেছেন, বাংলাদেশে ভঙ্গুর গণতন্ত্র চায় ভারত। সে কারণেই তারা ৭ জানুয়ারির নির্বাচনে সমর্থন দিয়েছে। কূটনৈতিক ব্যর্থতায় রোহিঙ্গাদের ফেরত পাঠাতে পারেনি সরকার। (ভোয়া: ৮, রে. টুডে: ১২)

মিয়ানমারের গৃহযুদ্ধ বাংলাদেশে বিরাট সমস্যা সৃষ্টি করেছে বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের - আসন্ন উপজেলা নির্বাচনে জাতীয় পার্টি তার দলীয় প্রতীক নিয়েই নির্বাচন করবে বলে জানান তিনি। (রে. টুডে: ১১)

নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন, ইংল্যান্ডে অনেক বাংলাদেশি অবৈধভাবে বসবাস করেন তাদের ফেরত নিয়ে যান। অথচ এ চিঠির খবর কোথাও ছাপানো হয়নি।' (জাগো এফ এম: ১৫)

জাতীয় নির্বাচনের পর বাংলাদেশে রাজনীতির মাঠে ভারত বিরোধিতার বিষয়টি যেমন দৃশ্যমান হচ্ছে তেমনি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমেও ভারতীয় পণ্য বর্জনের ক্যাম্পেইন নিয়ে পাল্টাপাল্টি তর্ক-বিতর্ক এবং সমালোচনা জোরালো হচ্ছে। (বিবিসি: ৩)

পণ্যের আমদানি শুল্ক কমানোর সুফল ভোক্তা পর্যায়ে পেতে আরো কিছু সময় লাগবে বলে জানিয়েছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক-ডিজি এ এইচ এম সফিকুজ্জামান। (জাগো এফ এম: ১৫)

রমজান যত কাছে আসছে, বাজারে পণ্যের দাম ততোই বাড়ছে। সরকারি উদ্যোগের ফলে আলুর দামে কিছুটা স্বস্তি মিললেও ভরা মৌসুমে সব্জির দাম এখনও সাধারণের ক্রয় ক্ষমতার বাইরে। পেঁয়াজের দাম আবারও সেঞ্চুরিতে ঠেকল। (রে. তেহরান: ১০)

আইন ও বিধি লঙ্ঘন করে জন্ম নিবন্ধনের জন্য নতুন সার্ভার চালু করেছে ডিএসসিসি - এই সার্ভারের মাধ্যমে নেয়া জন্ম নিবন্ধন সনদ ব্যবহার করে পাসপোর্টসহ বিভিন্ন সেবা পেতে ভোগান্তিতে পড়ছেন মানুষ। (ডয়চে ভেলে: ১১)

ভারতের উত্তরাঞ্চলীয় রাজ্য উত্তরাখণ্ডে বেআইনিভাবে নির্মাণ করা হয়েছে বলে অভিযোগ করে কর্তৃপক্ষ একটি মসজিদ ভেঙে দেওয়ার পর সহিংসতায় অন্তত চারজনের মৃত্যু হয়েছে। ওই এলাকায় কারফিউ জারি করা হয়েছে। (বিবিসি: ১৭)

# বিবিসি

## বাংলাদেশে নতুন রূপে ভারত বিরোধী রাজনীতি!

বাংলাদেশে জাতীয় নির্বাচনের পর ভারতকে নিয়ে ক্ষমতাসীন ও বিরোধী দলগুলোর এক ধরনের পাল্টাপাল্টি অবস্থান দৃশ্যমান হয়েছে। বিএনপিবিহীন ৭ই জানুয়ারির নির্বাচন ঘিরে ভারত সরকারের নীতি ক্ষমতাসীনদের প্রশংসা কুড়িয়েছে আর বিরোধীদের কড়া সমালোচনার মুখে পড়েছে। রাজনীতির মাঠে বিরোধী দলগুলোর সভা সমাবেশে ভারত বিরোধী একটা অবস্থান এখন প্রকাশ্যে আসছে। জাতীয় নির্বাচনের পর বাংলাদেশে মাঠের রাজনীতিতে ভারত বিরোধিতার বিষয়টি যেমন দৃশ্যমান হচ্ছে তেমনি সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমেও ভারতীয় পণ্য বর্জনের ক্যাম্পেইন নিয়ে পাল্টাপাল্টি তর্ক বিতর্ক এবং সমালোচনা জোরালো হচ্ছে। সামাজিক যোগাযোগের মাধ্যমে ভারতীয় পণ্য বয়কটের বিষয়টি সামনে এনে রীতিমতো আন্দোলন গড়ে তুলতে চাইছেন কেউ কেউ। গণ অধিকার পরিষদের নেতা ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর ঢাকায় একাধিক রাজনৈতিক সভায় ভারতীয় পণ্য বর্জনের আন্দোলন গড়ে তোলার কথা বলেছেন। ভারত বিরোধী এমন একটি রাজনৈতিক অবস্থান কেন নিয়েছেন এ প্রশ্নে নুর বিবিসিকে বলেন, ভারত যদি একপাক্ষিক সম্পর্ক মেইনটেইন করে তাহলে তো আমাদের অ্যান্টি ইন্ডিয়ান হওয়া ছাড়া কোনো উপায় নাই। জনগণের প্রতি জনগণের একটা শ্রদ্ধা ভালোবাসা সম্মানের সম্পর্ক আমরা সবসময় তৈরি করতে চাই। কিন্তু শাসক পর্যায়ে, নীতি নির্ধারক পর্যায়ে আমরা এই বার্তাটা দিতে চাই যে ভারত যেভাবে বাংলাদেশকে বিশেষ করে গত পনেরো বছর দেখে আসছে এইটা ঠিক না। "মোটামুটি ভারতের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে যা নেয়া দরকার-বন্দর, ট্রানজিট সেটা কিন্তু ভারত নিয়েছে। কাজেই এখন অন্তত ভারত সমস্ত রাজনৈতিক দলগুলোর সাথে একটা সুসম্পর্ক গড়ে তুলবে এবং জনগণের চাওয়াকে প্রাধান্য দেবে কিন্তু এই নির্বাচনে আমরা এর বিপরীত চিত্রটা দেখলাম। যে কারণে আমাদের কাছে এখন মনে হয়েছে যে বাংলাদেশের ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে আন্দোলনের পাশাপাশি এই সরকারের যেহেতু খুটির জোরটা হচ্ছে ভারত কাজেই সেই ভারতের বিরুদ্ধে জনগণকে আরো সংগঠিত করে একটা মুভমেন্ট দরকার যেটা মালদ্বীপের ক্ষেত্রে হয়েছে", যোগ করেন মি. নুর।

ঢাকায় ছোটখাট দল বা সংগঠনের বিভিন্ন কর্মসূচিতে ইদানীং ভারত বিরোধী ব্যানার, প্ল্যাকার্ড প্রদর্শন করতে দেখা যাচ্ছে। সরকারবিরোধী আন্দোলনে থাকা প্রধান দলগুলো অবশ্য সরাসরি ভারত বিরোধী অবস্থান বা কোনো আন্দোলনের আনুষ্ঠানিক ঘোষণা করেনি। তবে নির্বাচন বর্জন করা দলগুলোর নেতাদের বক্তব্যে ভারতের সমালোচনা ইদানীং জোরালো হয়েছে। নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্নাকেও রাজনৈতিক সভায় দেয়া বক্তৃতার এক পর্যায়ে ভারত প্রসঙ্গে সমালোচনা করতে দেখা গেছে। তিনি বলছেন, ভারত বাংলাদেশের জনগণের সঙ্গে সম্পর্ক করছে না, একটি দলকে সমর্থন দিচ্ছে।

"জনগণের সঙ্গে সম্পর্ক করলে তারা এই বিবৃতি দিতে পারে না যে বাংলাদেশে নির্বাচিত একটা সরকার হয়েছে। এটা কোনো নির্বাচিত সরকার নয়। পরিস্থিতি একটা নেতিবাচক দিকেই যাচ্ছে এখন। আমরা আশা করবো যেহেতু আমি প্রতিবেশী বদলাতে পারবো না ওরা যত তাড়াতাড়ি বাস্তবটা বুঝতে পারে তত ভালো। আমাদের খুব একটা বেশি ক্ষতি হবে তা কিন্তু আমি মনে করি না। ক্ষতি তাদের হতে পারে।" আন্দোলন প্রসঙ্গে এই রাজনীতিবিদ বিবিসি বাংলাকে বলেন, "প্রধানত ফ্যাসিবাদের বিরুদ্ধে আমাদের লড়াই এবং তাদের দোসর যারা, সঙ্গী যারা তাদের বিরুদ্ধে লড়াইটা আমরা আপসহীনভাবে করবো।"

বাংলাদেশে বিএনপির রাজনীতিতে ভারত বিরোধিতার একটা ইতিহাস রয়েছে। যদিও মাঝে একটা বড় সময় ধরে দলটি ভারতের সঙ্গে ভালো সম্পর্ক তৈরির চেষ্টা করেছে এবং এই ইস্যুতে তাদের সতর্ক অবস্থান নিতে দেখা গেছে। এবার আরেকটি একতরফা নির্বাচনের পর বিএনপি নেতাদের কথায় ভারত বিরোধিতার বিষয়টি দৃশ্যমান হচ্ছে। যদিও ভারত বিরোধী আনুষ্ঠানিক কোনো কর্মসূচী নিয়ে মাঠে নামেনি বা ভারতীয় পণ্য বয়কটের আন্দোলনকেও প্রকাশ্যে সমর্থন দেয়নি বিএনপি। দলের কেন্দ্রীয় নেতা গয়েশ্বর চন্দ্র রায় দাবি করেন, বিএনপি ভারত বিদ্বেষী নয়, একটি জাতীয়তাবাদী শক্তি এবং জাতীয় স্বার্থের কথাগুলোই তুলে ধরছে। "বিএনপি রাজনৈতিক দল হিসেবে একটা দেশের বিরুদ্ধে হবে কেন। কিন্তু একটা দেশ যদি আমার ক্ষতি করে, সেই ক্ষতির কারণগুলো যদি আমি দেশের জনগণের সামনে উপস্থাপন করি তাহলে আপনি আমাকে ভারত বিরোধী বলবেন কেন? আমি কি আমার দেশের স্বার্থের কথা বলবো না? ভারত যে আওয়ামী লীগকে পৃষ্ঠপোষকতা করে এটাতো সবাই জানে। আমরা আশা করবো ভারত বাংলাদেশের সাথেই সম্পর্ক করবে কে সরকারে আসলো সেটা তাদের দায়িত্ব না", বলেন মি. রায়। তার মতে, "বন্ধুত্বটা হবে বাংলাদেশ ও ভারতের মধ্যে। অর্থাৎ বাংলাদেশি জনগণ ও ভারতীয় জনগণের মধ্যে। বন্ধুত্বটা কোনো বিশেষ দল বা ব্যক্তির সঙ্গে হলে হবে না। সেটাকে কিন্তু কূটনৈতিক সম্পর্ক বলা যাবে না। আমি তো বলছি এ সরকার ভারত-চীন-রাশিয়ার। এ সরকার বাংলাদেশের জনগণের না।" বিএনপির রাজনীতিতে ভারত বিরোধী অবস্থান প্রসঙ্গে সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেনের পর্যবেক্ষণ হলো- "বিএনপির ঐতিহ্য আছে ভারত বিরোধিতার। আমি যতটুকু বুঝি বা যেটা অনেকের কাছে শুনেছি যে তারা সেটা থেকে বেরিয়ে আসার চেষ্টা করেছিল। আঠারো নির্বাচনের আগে

তারা সম্ভবত ভারতকে কিছু আশ্বাসও দিয়েছিল যে তারা ভারত বিরোধী রাজনীতি করবে না এবং একটা লেভেল প্লেইং ফিল্ড হয়, যাতে তারা এখানে একটা অবস্থান নিয়ে ফেরত আসতে পারে। ক্ষমতা হোক বা না হোক অন্তত একটা ভালো অবস্থানে ফেরত আসতে পারে। যতটুকু জানা গেছে বিভিন্ন সূত্র থেকে, ভারত আশ্বস্ত হয়নি যে তারা ভারত বিরোধী যে শক্ত অবস্থান সেখান থেকে সরে গেছে।"

২০১৮ সালের নির্বাচনের পর বিএনপিকে ভারত ইস্যুতে সরব হতে দেখা যায়। ২০১৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফরকালে দুই দেশের চুক্তি সম্পাদনের প্রতিবাদে মাঠে নেমেছিল বিএনপি। প্রকাশ্য ভারত বিরোধী অবস্থান স্পষ্ট না করলেও একটা ভারত বিরোধী রাজনীতি তাদের আছে বলেই মনে করেন তৌহিদ হোসেন। "২০১৮'র নির্বাচনের পরে বিএনপি ভারত বিরোধী না এমন ইমেজ প্রতিষ্ঠার চেষ্টা করছে বলে মনে হয় না। কারণ ভারত বিরোধিতা তো আসলে একটা বড় অংশের মানুষের মধ্যে আছে। সেটাকে তারা তো কাজে লাগাতে চাইবে যেহেতু ভারত ঠিক সেভাবে তাদের (বিএনপি) আস্থায় নেয়নি। ভারত আওয়ামী লীগের পেছনেই পুরো সমর্থন দিয়েছে কাজেই বিএনপি স্পষ্ট যে তারা ভারতের গুডবুকে নেই বা ভারত তাদের সমর্থন করবে না। সেটা ধরে নিয়েই তো তাদের রাজনীতি করতে হবে।" এদিকে ভারতের সঙ্গে বরাবরই সুসম্পর্কের ইতিহাস রয়েছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের। নির্বাচন পরবর্তী সরকার গঠনের পর প্রথম দ্বিপক্ষীয় সফরের জন্য ভারতকেই বেছে নিয়েছেন আওয়ামী লীগ সরকারের পররাষ্ট্রমন্ত্রী।

বিএনপি ভোট বর্জনের পরও আন্তর্জাতিক চাপ সামাল দিয়ে নির্বাচন অনুষ্ঠান করতে সক্ষম হওয়ার নেপথ্যে ভারতের ভূমিকার কথা স্বীকার করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। দলটির নীতি নির্ধারকরা বলেছেন আগামী দিনে ভারত বাংলাদেশ সম্পর্ক অব্যাহত থাকবে এবং আরো বিকশিত হবে। আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ড. আব্দুর রাজ্জাক বলেন, "আমাদের ব্যবসা-বাণিজ্য-অর্থনীতি পরস্পর নির্ভরশীল। ভারতের সাথে আমাদের যে সম্পর্ক সেই সম্পর্কের কারণে আমরা উভয় দেশ উপকৃত হই।" আওয়ামী লীগ ক্ষমতা থাকার জন্য ভারতকে সুবিধা দিচ্ছে এবং স্বার্থ আদায় করতে পারছে না এমন সমালোচনা সঠিক নয় বলে দাবি করেন ড. রাজ্জাক। তিনি বলছেন, স্থল সীমান্ত, ছিটমহল এবং সমুদ্রসীমার বিরোধ আওয়ামী লীগ সরকারই সমাধান করেছে। "আমরা এক লক্ষ আঠারো হাজার বর্গকিলোমিটার জায়গা মিয়ানমার ও ভারত থেকে পেয়েছি। সেটাওতো আমরা সমধান করেছি। ছোট-খাট দুয়েকটি সমস্যা তাদের অভ্যন্তরীণ রাজনীতিতেও আছে যার কারণে তিস্তা হয় নাই। কিন্তু আলোচনা অব্যাহত রয়েছে এবং আমার দৃঢ় বিশ্বাস অনতিবিলম্বে তার সমাধান হবে।" আওয়ামী লীগ সরকারের টানা তিন মেয়াদে ভারত বাংলাদেশের সম্পর্কের উন্নতি নিয়ে দুই দেশই গর্ব করে। তবে কূটনৈতিক এই সম্পর্ক দেশের চেয়ে একটি দলের সঙ্গে বেশি এমন সমালোচনা রয়েছে। তাছাড়া দ্বিপাক্ষিক সম্পর্ক থেকে কে কতটা লাভবান হয়েছে তা নিয়েও রয়েছে নানা বিশ্লেষণ।

ভারতের সঙ্গে সীমান্ত বিরোধ মিটলেও সীমান্তে হত্যা থেমে নেই, ফেনী নদীর পানি ভারতকে দিতে বাংলাদেশ চুক্তি করলেও তিস্তা চুক্তি হয়নি। আওয়ামী লীগ সরকারের সাথে ভারতের দ্বিপাক্ষিক সম্পর্কের মূল্যায়ন করে সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন বলেন, "ভারতের জন্য খুব কমফোর্টেবল এটা যে এখানে আওয়ামী লীগ সরকার থাকা। সেক্ষেত্রে দুটো দিক হতে পারে, একটা হলো যে আওয়ামী লীগ ভারতকে খুশি রাখার চেষ্টা করতে পারে অথবা ভারত ভাবতে পারে যে আমাদের পছন্দের সরকার আছে কাজেই এ সরকারকে আমরা শক্ত সাপোর্ট দেই যাতে সব সমস্যার সমাধান হয়। দ্বিতীয়টা- আমি চাই যে এরকম হোক কিন্তু যদি গত দশ পনের বছরের ইতিহাস দেখি তাহলে এটা খুব আশাবাদী হতে পারি না", যোগ করেন মি. হোসেন। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ রিহাব)

## 'বাংলাদেশ-ভারত আর বাংলাদেশ-চীন সম্পর্কের মধ্যে কোনও তুলনাই হয় না'

ভারত সফররত বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন যদিও চীন বাংলাদেশের উন্নয়নের সঙ্গী, কিন্তু তাদের সঙ্গে অথবা অন্য যে কোনও দেশের সঙ্গে ঢাকার যা সম্পর্ক, তার সঙ্গে ভারত-বাংলাদেশ সম্পর্কের কোনও তুলনাই চলে না। ভারতের সঙ্গে তাদের 'রক্তের সম্পর্ক'। মি. মাহমুদ বলেছেন তার সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের বৈঠকে সীমান্ত হত্যা, তিস্তার জল বন্টন, মিয়ানমার পরিস্থিতির মতো বিষয়গুলি নিয়ে কথা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় দিল্লিতে ফরেন করেস্পন্ডেন্টস ক্লাব অব সাউথ এশিয়াতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী মন্তব্য করেন যে তার দেশে ভারত-বিরোধী একটা শ্রেণী তথাকথিত 'ইন্ডিয়া আউট' প্রচারণা চালায় মাঝে মাঝেই, কিন্তু এই 'ক্যাম্পেইন' ক্রমশ ম্রিয়মান হয়ে আসছে। ভোটের সময়ে বাংলাদেশে গণতান্ত্রিক প্রক্রিয়াতে বিঘ্ন ঘটানোর যে চেষ্টা হয়েছিল, তা ব্যর্থ করে দেওয়ার জন্য 'ভারত পাশে ছিল', তাই সে দেশের জনগণ, সরকার আর নাগরিক সমাজকে ধন্যবাদ দেন হাছান মাহমুদ। তিনি এও বলেছেন যে সাম্প্রতিক সময়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ যে প্রভুত উন্নতি করেছে, সেটাও সম্ভব হত না যদি ভারত সহায়তা না দিত বা তাদের সঙ্গে যদি সুসম্পর্ক না থাকত। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীকে প্রশ্ন করা হয়েছিল, চীনের সঙ্গে বাংলাদেশের যে সম্পর্ক, তা কি ভারত-বাংলাদেশ

সম্পর্কের সঙ্গে সাংঘর্ষিক নয়? এছাড়াও পশ্চিমা দেশগুলির চাপও তো আছে চীনের সঙ্গে সম্পর্ক রাখার ব্যাপারে। কীভাবে নতুন পররাষ্ট্রমন্ত্রী এ বিষয়টির মোকাবেলা করবেন?

হাছান মাহমুদ উত্তর দেন, "ভারতের সঙ্গে আমাদের যা সম্পর্ক, তার সঙ্গে অন্য কোনও দেশের সঙ্গে সম্পর্কের কোনও তুলনাই চলে না। কারণ আমাদের মধ্যে রক্তের সম্পর্ক। ভারতের মানুষ, ভারতের সৈন্যরা রক্ত দিয়েছে। স্বাধীনতা যুদ্ধের সময়ে ভারত তার সীমান্ত উন্মুক্ত করে দিয়ে ১০ মিলিয়ন মানুষকে আশ্রয় দিয়েছে। তাই ভারত-বাংলাদেশের সম্পর্কের সঙ্গে অন্য কোনও দেশের সঙ্গে সম্পর্কের তুলনা করা যায় না," বলেন মি. মাহমুদ। আবার চীন যে বাংলাদেশর উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সঙ্গী, সেটাও উল্লেখ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, "চীন আমাদের উন্নয়নের সঙ্গী। তারা আমাদের পাশের দেশ না হলেও প্রতিবেশী।" এক সাংবাদিক মি. মাহমুদের কাছে জানতে চান ইন্ডিয়া আউট প্রচারণা সম্পর্কে। জবাবে মি. মাহমুদ বলেন, "আমাদের দলের বদনাম আছে বাংলাদেশে যে আমরা ভারতপন্থী দল। কিন্তু এই ওষুধটা আর কাজ করে না। কিন্তু ভারত-বিরোধী লোকজন তো রয়েছে বাংলাদেশে। আমরা আসলে বাংলাদেশপন্থী দল। ভারত বিরোধী অংশ তো আছে দেশে। তারা এই ইস্যুটাকে তোলে ভোটের সময়। এবং মাঝে মাঝে তারা ভারত বিরোধী মনোভাব চাগিয়ে তুলতে চায় একটা অংশের মানুষের মনে। কিন্তু ভারত বিরোধী মনোভাব ক্রমশ কমে আসছে। একটা বিরাট সংখ্যক মানুষ বোঝেন যে বাংলাদেশের উন্নতির জন্য ভারতের সঙ্গে সুসম্পর্ক রাখা উচিত। পুরো অঞ্চলের উন্নতির জন্যই প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক রাখা উচিত। সংখ্যাগরিষ্ঠ অংশ সেটাই বিশ্বাস করে," বলছিলেন মি. মাহমুদ। তার কাছে পাল্টা প্রশ্ন করা হয় যে বাংলাদেশের রাস্তায় ভারত-বিরোধী স্লোগান লেখা হচ্ছে, ভারতীয় সামগ্রী বিক্রি করতে বাধা দেওয়া হচ্ছে। আপনারা কী ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা করছেন?

পররাষ্ট্রমন্ত্রী বলেন, "বাংলাদেশ একটা মুক্ত সমাজ। বহুত্ববাদী দেশ, গণতন্ত্রে বিশ্বাস করে। যে কেউ যা খুশি বলতেই পারে। তাই ভারত বিরোধী, চীন বিরোধী, যুক্তরাষ্ট্র বিরোধী, ইউরোপ বিরোধী, পাকিস্তান বিরোধী – নানা স্লোগান লেখা হয় দেওয়ালে, পোস্টারে। কিন্তু এইসব ভারত বিরোধী স্লোগান আগের মতো কাজ করে না আর।" মি. মাহমুদ তার প্রারম্ভিক মন্তব্য শুরুই করেছিলেন বাংলাদেশের নির্বাচনের প্রসঙ্গ দিয়ে। সেকথা বলতে গিয়েই তিনি বলেন, "নির্বাচনের ঠিক পরেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছ থেকে অভিনন্দন বার্তা গিয়েছিল। এ ব্যাপারে ভারতের জনগণ, নাগরিক সমাজ আর সরকারকে আমরা ধন্যবাদ দেব বাংলাদেশের গণতান্ত্রিক প্রক্রিয়ার পাশে থাকার জন্য, একটা অংশ গণতন্ত্রকে বিঘ্নিত করার যে চেষ্টা করেছিল, তার মোকাবেলা করার জন্য।" মি. মাহমুদ ভারতকে শুধু যে সাম্প্রতিক নির্বাচনের প্রসঙ্গে ধন্যবাদ জানিয়েছেন, তা নয়। তিনি বলেছেন যে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়কালে নানা ক্ষেত্রে যে প্রভূত উন্নতি হয়েছে, ভারত-বাংলাদেশের সম্পর্ক সব থেকে ভাল হয়েছে, তা সম্ভব হয়েছে ভারত পাশে দাঁড়িয়ে সহায়তা করায় আর ভারতের সঙ্গে সুসম্পর্কের কারণে। ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে তার বৈঠকে যে তিস্তা নদীর জল বন্টন নিয়ে কথা হয়েছে, সেটাও জানান হাছান মাহমুদ।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "তিস্তা নিয়ে আলোচনা হয়েছে। কেন্দ্রীয় সরকারের তো কোনও আপত্তি নেই, রাজ্য সরকারের কাছ থেকে আপত্তি উঠেছিল। এখানে তো নির্বাচন আসছে, পরের মাসেই নির্বাচন প্রক্রিয়া শুরু হয়ে যাবে, ভোট হবে এপ্রিল-মে মাসে। মি. জয়শঙ্করের সঙ্গে কথা হয়েছে যে বিষয়টি নিয়ে আমরা ভোটের পরে আলোচনা করব। আমরা নিশ্চিত যে একটা সমাধান বেরোবে।" বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিক সম্মেলনে তার প্রারম্ভিক মন্তব্যের সময়েই বলেছিলেন দ্বিপাক্ষিক অনেক বিষয় নিয়েই তার সঙ্গে ভারতের পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্করের আলোচনা হয়েছে। পরে তাকে প্রশ্ন করা হয় সীমান্ত হত্যা এবং সপ্তাহ দুয়েক আগে ভারতের সীমানার ভেতরে বর্ডার গার্ডস বাংলাদেশের (বিজিবি) এক সদস্যের হত্যার বিষয়ে। ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল বা পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে আলোচনায় এ বিষয়টি এসেছিল কি না, সেটাও জানতে চাওয়া হয়। জবাবে মি. মাহমুদ বলেন," হ্যা, বিষয়টা নিয়ে আমার সঙ্গে আলোচনা হয়েছে পররাষ্ট্রমন্ত্রীর। মারণাস্ত্র নয়, এমন বন্দুক সীমান্তরক্ষীদের ব্যবহার করতে পারার সম্ভাবনা কতটা তা নিয়ে আমাদের কথা হয়েছে। ওই হত্যার পরে ভারত ক্ষমা চেয়েছে। আমরা খতিয়ে দেখছি বিষয়টি, আলোচনা করছি। ওই হত্যার ঘটনার তদন্তও তো হচ্ছে", বলেন মি. মাহমুদ। শুধু ভারত-বাংলাদেশ সীমান্ত নিয়ে নয়, বাংলাদেশের আরেক প্রতিবেশী দেশ মিয়ানমার সীমান্তের ঘটনাবলী নিয়েও যে তার সঙ্গে ভারতের পররাষ্ট্রমন্ত্রীর আলোচনা হয়েছে, সেটাও এক প্রশ্নের জবাবে জানান হাছান মাহমুদ। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ রিহাব)

## ভারতের বিপক্ষে বাংলাদেশের মেয়েদের ফুটবল ম্যাচটি প্রায় পাঁচ ঘণ্টায় ঠেকলো কীভাবে?

আরেকটি বাংলাদেশ-ভারত ম্যাচ, আবারও সেই ম্যাচ ঘিরে উত্তেজনা, বিতর্ক, আলোচনা। বৃহস্পতিবার ঢাকার কমলাপুর স্টেডিয়ামে সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবলের ফাইনালে মুখোমুখি হয় দুই দল। সন্ধ্যা ৬টায় শুরু হওয়া ম্যাচের ফলাফল আসতে আসতে বাজে রাত প্রায় ১১টা। শেষ পর্যন্ত যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হয় দুই দলকে। কিন্তু সেটার প্রক্রিয়া নিয়ে দেখা দেয় প্রশ্ন, যা নিয়ে মাঠেই ছড়ায় উত্তেজনা। ম্যাচটির নির্ধারিত ৯০ মিনিট ১-১

গোলে শেষ হবার পর খেলা গড়ায় সরাসরি টাইব্রেকারে। সেখানেও থাকে ১১-১১ সমতা। এরপরই হয় মহানাটকীয়তার শুরু। রেফারিরা কয়েন টসের মাধ্যমে চ্যাম্পিয়ন হিসেবে বেছে নেয় ভারতকে। মাঠেই যার প্রতিবাদ জানায় বাংলাদেশ দল। পরে দেখা যায় টুর্নামেন্টের বাইলজে কয়েন টসের কথা বলা নেই বরং পেনাল্টি চালিয়ে যাওয়ার কথা বলা আছে। এরপর ম্যাচ কমিশনার ভুল শুধরে খেলা চালাতে চাইলে বেঁকে বসে ভারতীয় দল। শেষ পর্যন্ত দীর্ঘ অপেক্ষা, আলোচনা আর সমঝোতার পর দুই দলের অধিনায়কের হাতে তুলে দেয়া হয় ট্রফি। বাংলাদেশ-ভারত ফাইনাল ঘিরে আগে থেকেই আগ্রহ ছিল ফুটবল অঙ্গনে। যদিও পঞ্চম বারের মতো হতে যাওয়া সাফ অনূর্ধ্ব– ১৯ নারী চ্যাম্পিয়নশিপে আগের চারবারই ফাইনাল খেলে তিনবার চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ, একবার তারা শিরোপা হারায় ভারতের কাছে। এবারের আসরেও গ্রুপপর্বের খেলায় ভারতকে ১-০ গোলে হারায় বাংলাদেশ। আসরের বাকি দুটি দল ছিল নেপাল আর ভুটান। ফাইনাল ম্যাচের শুরুতেই অবশ্য এগিয়ে গিয়েছিল ভারত। ৮ মিনিটেই গোলের দেখা পাবার পর বাকি সময়েও বল দখল ও আক্রমণে এগিয়ে ছিল তারা। কিন্তু ম্যাচের একেবারে অন্তিম মুহূর্তে যোগ করা অতিরিক্ত সময় খেলায় সমতা আনে বাংলাদেশ।

নির্ধারিত সময় ১-১ গোলে শেষ হবার পর নিয়ম অনুযায়ী খেলা গড়ায় পেনাল্টি শ্যুটআউটে। সেখানে প্রথমে পাঁচটি করে শট নেয় দু'দল এবং স্কোরলাইনেও থাকে ৫-৫ এর সমতা। এরপর 'সাডেন ডেথ' নিয়মে একে একে শট নিতে থাকেন দুই দলের বাকি ফুটবলাররা। শেষ পর্যন্ত দুই গোলরক্ষক শট নেবার পরও বিজয়ী নির্ধারণ করা যায়নি কাউকেই, টাইব্রেকার শেষেও থাকে ১১-১১ সমতা। বিপত্তির শুরু এরপরই। রোমাঞ্চকর এই ম্যাচটি প্রেসবক্স থেকে কাভার করেছেন ডেইলি স্টারের সিনিয়র রিপোর্টার আনিসুর রহমান। বিবিসির কাছে সেই পরিস্থিতির বর্ণনা দেন তিনি, "রেফারি ১২ নম্বর শট নেয়ার জন্য বাংলাদেশের একজনকে ডাক দেন, সেই ফুটবলার যখন এগিয়ে যাচ্ছিলেন পেনাল্টি শট নিতে তখন ম্যাচের ৪র্থ রেফারি সংকেত দেন থামার জন্য। এরপর রেফারিরা একপাশে এসে আলোচনা করতে থাকেন, সেই আলোচনায় যোগ দেন ম্যাচ কমিশনার।" এরপর ম্যাচ অফিসিয়ালদের দুই দলের অধিনায়ককে ডেকে নিতে দেখা যায়। তাদের নিয়ে কয়েন টস করেন রেফারি। টসে ভারত জিতলে উদযাপনে মাতে ভারতীয় শিবির। সে সময় বিস্ময় প্রকাশ করতে দেখা যায় বাংলাদেশের অধিনায়ককে, কিছু একটা নিয়ে অভিযোগও জানাতে থাকেন তিনি। "বাংলাদেশের অধিনায়ক আফিদা ম্যাচ শেষে বলেন যে তিনি আসলে জানতেন না কিসের জন্য এই টস। তিনি ভেবেছিলেন যেহেতু ১১টা করে শট নিয়েছে দুই দল, তাই বোধ হয় পরের শটটি কে নেবে সেজন্য টস করছেন রেফারিরা", বলেন আনিসুর রহমান। কিন্তু যখন বাংলাদেশ বুঝতে পারে টসের মাধ্যমে চ্যাম্পিয়ন নির্ধারণ করা হয়েছে তখন দলটির ম্যানেজার আমিরুল ইসলাম বাবুর নেতৃত্বে পুরো দল প্রতিবাদ জানাতে থাকে রেফারিদের কাছে। এ সময় মাঠে উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। বিক্ষুব্ধ বাংলাদেশ দলের বিপরীতে একপাশে যখন ভারতের ফুটবলার শিরোপা উদযাপন করছে, তখন তাদের দিকে দর্শকদের দুয়োধ্বনি দিতে দেখা যায়।

তখন দর্শকদের দিকে ফিরে পাল্টা উদযাপন করে ভারতের মেয়েরা। এসময় গ্যালারি থেকে বোতল ছোড়া হয়। চ্যাম্পিয়ন ফটোশ্যুটের পর এক পর্যায়ে রেফারিদের সঙ্গে হাত মেলাতে যান ভারতীয় দলের অধিনায়ক। কিন্তু সেসময় রেফারি হাত না মিলিয়ে তাদের শান্ত থাকার ইঙ্গিত করেন। এই ম্যাচের ধারাভাষ্য দিচ্ছিলেন শাহ্নূর রাব্বানী, "আমাদের কাছেও তখন কোন তথ্য আসছিল না। বুঝতে পারছিলাম না কি ঘটছে। তবে মাঠে তখন বেশ উত্তেজনা। একদিকে গ্যালারিতে দর্শকদের চিৎকার, অন্যদিকে মাঠে ভারতীয় ফুটবলারদের উল্লাস। এক পর্যায়ে নিরাপত্তার জন্য বাড়তি পুলিশও আনা হয়," বলেন তিনি।

ম্যাচ অফিসিয়ালদের সাথে তখনো আলোচনা চলমান বাংলাদেশ দলের। সেখানে ছিলেন সাফের সাধারণ সম্পাদক আনোয়ারুল হক হেলাল। "আমাদের সাফ চ্যাম্পিয়নশিপে অতীতে এটা কখনোই হয়নি, এটা ম্যাচ কমিশনারের একটা ভুল হয়ে গিয়েছে, সে বাইলজ না দেখে হয়তো একটা ডিসিশন দিয়ে দিয়েছে। এই ভুল করাতে এমন পরিস্থিতি। আমরা এএফসির সাথে কথা বলেছি, তারাও জানিয়েছে না, পেনাল্টি শ্যুটআউট চলতে থাকবে", বলেন মি. হেলাল। সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন–সাফের অনূর্ধ্ব ১৯ নারী চ্যাম্পিয়নশিপের বাইলজে ৪ নম্বর সেকশনটি টেকনিক্যাল নিয়ম কানুন নিয়ে। সেখানে ৭ এর ৩ ধারায় বলা আছে, "সেমিফাইনাল ও ফাইনালে যদি নির্ধারিত সময়ে বিজয়ী নির্ধারণ করা না যায় তাহলে খেলার নিয়ম অনুযায়ী পেনাল্টিতে যেতে হবে। কোনো অতিরিক্ত সময় যোগ হবে না।"

একাধিক রেফারি বিবিসিকে জানিয়েছেন, ফুটবলে নিয়ম হলো কোনো একজন বিজয়ী নির্ধারিত না হওয়া পর্যন্ত পেনাল্টি শ্যুটআউট চলতে থাকবে। ফুটবলে কয়েন টস একেবারে সর্বশেষ কোন অপশন হিসেবে কখনো ব্যবহৃত হতে পারে, যখন আবহাওয়া বা মাঠ একেবারে খেলা চালানোর উপযুক্ত থাকে না তখন, কিন্তু সেটাও বাইলজে থাকতে হবে। তবে এই ম্যাচে বাইলজের আরও কিছু দিক খণ্ডন হয়েছে। যেমন ৮ এর ১ ধারায় বলা আছে কোনো কারণে খেলায় দেরি হলে রেফারিরা প্রথমে আধাঘণ্টা অপেক্ষা করবেন, সিদ্ধান্ত নেয়ার চেষ্টা করবেন যে ম্যাচটি কখন শুরু করা যেতে পারে। এরপর আরও সর্বোচ্চ আধাঘণ্টা তারা দেরি করতে পারবেন। এরপর ম্যাচ শুরু না হলে সেটি পরিত্যক্ত ঘোষণা করতে হবে। আবার যৌথ চ্যাম্পিয়ন ঘোষণার কথাও বাইলজে উল্লেখ ছিল না। প্রায় দুই ঘণ্টা ধরে মাঠে বসে থাকেন

বাংলাদেশের ফুটবলাররা। এই সময়টা নিজেদের ড্রেসিংরুমে আবদ্ধ রাখে ভারতীয় দল। রেফারি ও ম্যাচ অফিসিয়ালদের সাথে তখন আলোচনায় যোগ দেয় সাফের কর্মকর্তারাও। এ সময় তিনটি সমাধান বের হয়ে আসে বলে জানান সাফের সেক্রেটারি। "এক, এই ম্যাচ বাতিল করে প্রথম থেকে আবার শুরু করা; দুই, পেনাল্টি চলতে থাকা, অথবা তিন, যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা। ভারতকে এই প্রস্তাব দেয়া হয়, কিন্তু তারা কোনটাই মানেনি," বলেন আনোয়ারুল হক হেলাল।

টুর্নামেন্টে অংশ নিতে আসা ভারতীয় দলের ফুটবলার ও কর্মকর্তারা যখন কিছুতেই কিছু মানছেন না, তখন আয়োজকরা যোগাযোগ করে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের (এআইএফএফ) সাথে। এআইএফএফের সভাপতি ও সেক্রেটারির মধ্যস্থতায় শেষ পর্যন্ত যৌথ চ্যাম্পিয়নের প্রস্তাব মেনে নেয় ভারতীয় দল। মঞ্চে একসাথে ট্রফি হাতে নিলেও শেষ পর্যন্ত সেই ট্রফি ও চ্যাম্পিয়নশিপের মেডেল দেশে নিয়ে যায় ভারতীয় দল। বাংলাদেশের জন্য নতুন করে ট্রফি তৈরি করে দেয়া হবে বলে জানান সাফের সাধারণ সম্পাদক। "আসলে সাফের স্বার্থে এই সিদ্ধান্ত। এটা তো যুবদের ডেভলপমেন্টের জন্য, এখানে জয়-হার মুখ্য নয়। সবাই চ্যাম্পিয়ন-চ্যাম্পিয়ন করে এটা ঠিক না। এই টুর্নামেন্ট করছি যাতে তরুণরা প্রস্তুত হতে পারে ভবিষ্যতের জন্য", বলেন মি. হেলাল। তবে এতে ভারতের সাথে সম্পর্কে কোনো প্রভাব পড়বে কি না এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, সেটা তারাই ভালো বলতে পারবে, তবে সব সিদ্ধান্ত ভারতের সাথে আলোচনা করেই নেয়া হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### মিয়ানমার থেকে আসা মর্টার শেল নিষ্ক্রিয় করলো বাংলাদেশ সেনাবাহিনী

মিয়ানমার থেকে বাংলাদেশ ভূখণ্ডে আসা একটি মর্টার শেল নিষ্ক্রিয় করেছে বাংলাদেশ সেনাবাহিনী। শুক্রবার (৯ ফেব্রুয়ারি) বেলা সাড়ে ১১ টার দিকে দিকে নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুমের নয়াপড়া সীমান্তে শেলটি নিষ্ক্রিয় করা হয়। এর আগে, বৃহস্পতিবার (৮ ফেব্রয়ারি) দুপুর সোয়া ১টার দিকে ঘুমধুম ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের নয়াপাড়ায় অবিস্ফোরিত মর্টারশেলটি পাওয়া যায়। বিজিবির সদর দপ্তর জানায়, নয়াপাড়ায় বাংলাদেশ সেনাবাহিনীর একটি দল, মিয়ানমার থেকে আসা অবিস্ফোরিত মর্টার শেলটি নিষ্ক্রিয় করে। এসময় বিজিবি সদস্যরা উপস্থিত ছিলেন। মিয়ানমারের সীমান্তবর্তী রাখাইন রাজ্যে তৎপর সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে মিয়ানমার নিরাপত্তা বাহিনীর সংঘর্ষ চলছে কয়েক দিন ধরে। সংঘর্ষের সময় মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্যরা বাংলাদেশে অনুপ্রবেশ করে। এ্ সময় তারা এই প্রাণঘাতী শেলটি ফেলে দিতে পারে বলে ধারণা করছে বিজিবি।
(ভোয়া ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ এলিনা)

### 'মজুদ বিরোধী অভিযানের লক্ষ্য কেবল খাদ্য পণ্যের দাম কমানো নয়' : সাধন চন্দ্র মজুমদার

বাংলাদেশের খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন যে কেবল খাদ্যপণ্যের দাম কমানো অবৈধ মজুদ বিরোধী অভিযানের মূল লক্ষ্য নয়। ধান ও চালের সঠিক মজুত ব্যবস্থাপনা গড়ে তুলতে চায় সরকার। শুক্রবার (৯ ফেব্রুয়ারি) দিনাজপুরের সদর ও পার্বতীপুর উপজেলায় অবৈধ মজুদ বিরোধী অভিযান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন খাদ্যমন্ত্রী। "সারাদেশে মজুদ বিরোধী অভিযান চলছে। আমরা আসি বা না আসি অভিযান থেমে নেই। আমরা এখানে স্টেকহোল্ডারদের নিয়ে সভা করেছি। সভায় তারা ওয়াদা করেছেন, চালের দাম বাড়বে না বরং কমবে;" সাধন চন্দ্র মজুমদার যোগ করেন। তিনি আরো বলেন, অনেকেই বেশি লাভের আশায় মাঠে ময়দানে ধান মজুত করে রাখে।পত্রপত্রিকায় খবর প্রকাশ হয়েছে যে বস্তায় ধানের চারা গজিয়ে গেছে। আজ (৯ ফেব্রয়ারি) এখানে, ইস্পাহানি অটো রাইস মিলে, সেই চিত্র দেখতে পাওয়া গেছে। "লোভের একটা সীমা থাকা দরকার;" উল্লেখ করেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। বলেন, "আমরা কারো অবৈধ মজুত আছে কি না, কেউ কোনো অনিয়ম করছে কি না তা খতিয়ে দেখছি।" জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটদের আইন অনুযায়ী ব্যবস্থা নিতে নির্দেশ দেয়া হয়েছে বলে জানান বাংলাদেশের খাদ্যমন্ত্রী। দিনাজপুরের সদর ও পার্বতীপুর উপজেলায় অবৈধ মজুদ বিরোধী অভিযান শেষে সাংবাদিকদের সাথে কথা বলছেন বাংলাদেশের খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।
(ভোয়া ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ এলিনা)

### নারীর ক্ষমতায়নে অবদান রাখায় শেখ হাসিনার প্রশংসা করেছেন দ্রৌপদী মুর্মু

নারীর ক্ষমতায়নে অবদান রাখায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এ কথা জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শুক্রবার (৯ ফেব্রুয়ারি) দুপুরে নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে, দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, "তাকে (ভারতের রাষ্ট্রপতিকে) আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে বাংলাদেশে আসার আমন্ত্রণ জানিয়েছি। তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রীর নেতৃত্বের উচ্চ প্রসংশা করেছেন।" হাছান মাহমুদ জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একজন ক্ষমতাধর নারী বলে উল্লেখ করেছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মোট পঞ্চমবার প্রধানমন্ত্রী নির্বাচিত

হওয়ায়, শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি। নারীর ক্ষমতায়ন নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে কাজ করছেন, এর সঙ্গে সহমত পোষণ করেছেন দ্রৌপদী মুর্মু; জানান হাছান মাহমুদ।

পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, ভারতের রাষ্ট্রপতির সঙ্গে অত্যন্ত আন্তরিক পরিবেশে আলোচনা হয়েছে। "আমি ভারতের রাষ্ট্রপতি-কে বলেছি, প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিছুদিন আগে বলেছেন, জাতিসংঘের সেক্রেটারি জেনারেল হিসেবে কেন একজন নারীকে দেখতে পাই না? দেখতে চাই। ভারতের রাষ্ট্রপতি, বাংলাদেশের প্রধানমন্ত্রীর এই মতের সঙ্গে একমত পোষণ করেছেন;" যোগ করেন হাছান মাহমুদ। তিনি আরো বলেন, ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বাংলাদেশের উন্নয়ন-অগ্রগতির সঙ্গে ভারত সবসময় ছিলো, ভবিষ্যতেও থাকবে।

ভারতের উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর এর সঙ্গেও সাক্ষাৎ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। দিল্লিতে নতুন পার্লামেন্ট ভবনে এই সাক্ষাতে ভারতের উপ-রাষ্ট্রপতি ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী, দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কের প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং এই সম্পর্ককে আরো এগিয়ে নেয়ার প্রত্যয় ব্যক্ত করেন। আসন্ন রমজান মাসে মূল্য স্থিতিশীল রাখতে, বাংলাদেশে প্রয়োজনীয় পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহব নিশ্চিত করতে, ভারতের রাজ্যসভার লিডার অফ দ্য হাউস এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গয়ালকে অনুরোধ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শুক্রবার শিল্পমন্ত্রী পীযুষ গয়ালের সঙ্গে এক বৈঠকে এই অনুরোধ করেন হাছান মাহমুদ।

নতুন পার্লামেন্ট ভবনে অনুষ্ঠিত আলোচনায়, দু'দেশের বাণিজ্য সম্পর্ক এবং বাংলাদেশের রপ্তানি পণ্যে শুল্ক ও অশুল্ক বাধা প্রত্যাহার নিয়ে বিস্তারিত আলোচনা করেন দুই মন্ত্রী। বৈঠক সম্পর্কে হাছান মাহমুদ সাংবাদিকদের জানান, "আমরা ভারত থেকে যে পচনশীল পণ্যগুলো আমদানি করি, সেগুলো নিয়ে আলোচনা করেছি। রমজানের আগে ৫০ হাজার টন পেঁয়াজ এবং এক লাখ টন চিনি যাতে আমরা পাই, সেসব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।" ভারতের বাণিজ্য ও শিল্পমন্ত্রী, বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন বলে জানান হাছান মাহমুদ। "বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করে; ব্যবসা-বাণিজ্য, সংযোগ, বিদ্যুৎ, প্রতিরক্ষা ও নিরাপত্তা, পানি ক্ষেত্রে সহযোগিতার ওপর জোর দিয়েছেন ভারতের বাণিজ্য মন্ত্রী;" বলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশে ভঙ্গুর গণতন্ত্র দেখতে চায় ভারত, সংবাদ সম্মেলনে রিজভী

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, বাংলাদেশে ভঙ্গুর গণতন্ত্র চায় ভারত। সে কারণেই তারা গত মাসের (৭ জানুয়ারি) নির্বাচনে সমর্থন দিয়েছে। শুক্রবার (৯ ফেব্রুয়ারি) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ বলেন। তিনি দাবি করেন, বাংলাদেশের জনগণ ও সবচেয়ে গণতান্ত্রিক দেশগুলো সেই নির্বাচনকে প্রত্যাখ্যান করেছে। রিজভী উল্লেখ করেন যে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ (বৃহস্পতিবার) বলেছেন, গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষায় (৭ জানুয়ারি অনুষ্ঠিত) নির্বাচনকে ভারত সমর্থন করেছে। তিনি প্রশ্ন তোলেন, "ভারত কি তার প্রতিবেশী দেশগুলোতে দুর্বল গণতন্ত্র চায়?" "এটা সারা বিশ্ব স্বীকার করেছে যে, বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পাতানো এবং এতে কারচুপি করা হয়েছে। একইসঙ্গে দেশের জনগণ তা প্রত্যাখ্যান ও বর্জন করেছে;" যোগ করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব। "নির্বাচন যদি সুষ্ঠু হয়... সেই নির্বাচন যদি গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষায় সহায়ক হয় এবং পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য অনুযায়ী ভারত যদি সেই নির্বাচনকে সমর্থন করে, তাহলে আমাদের ভাবতে হবে যে, ভারত তার নিজের দেশে ইস্পাতের মতো শক্তিশালী গণতন্ত্র চায়, আর, তারা বাংলাদেশে দুর্বল গণতন্ত্র চায়;" উল্লেখ করেন রুহুল কবির রিজভী।

তিনি আরো বলেন, সরকার উচ্চ স্বরে বলছে কোন কোন দেশ তাদের অভিনন্দন জানাচ্ছে, নির্বাচনকে সমর্থন করছে। "এতে প্রমাণিত হয়েছে যে, তারা জনসমর্থনহীন একটি বিচ্ছিন্ন সরকার;" বলেন রিজভী। বিএনপির সিনিয়র যুগ্মমহাসচিব বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার জনসমর্থন নিয়ে গঠিত হয়নি বলেই দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষা করতে পারছে না। আর এটা এখন দৃশ্যমান বলে দাবি করেন তিনি। রিজভী বলেন, "প্রযুক্তির যুগে প্রতিটি মানুষ এখন দেখছে কীভাবে মর্টার শেল (মিয়ানমার থেকে) এসে বাংলাদেশের মানুষকে হত্যা করছে। কিন্তু সরকার নীরব। এমনকি সীমান্তের ঘটনার প্রতিবাদ করে তারা কোনো বিবৃতি দিতে পারছে না।"

তিনি বলেন যে কূটনৈতিক প্রচেষ্টা ও জোরালো প্রতিবাদ করে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখার নজির স্থাপন করতে পারেনি সরকার। আর, এর মধ্য দিয়ে আবার প্রমাণিত হলো যে, সরকারের জনসমর্থন না থাকায় বিশ্ব এমন একটি সরকারের তোয়াক্কা করে না। রিজভী অভিযোগ করেন, কারাগারে বিএনপি নেতাকর্মীদের ওপর নানা ধরনের নির্যাতন-নিপীড়ন ও হয়রানি করা হচ্ছে। "দেশের কারাগারগুলোতে বিএনপির নেতা-কর্মীদের উপচে পড়া ভিড় এবং কারাগারে ধারণ ক্ষমতার চেয়ে কয়েকগুণ বেশি বন্দী রাখা হচ্ছে। এগুলো এখন কনসেনট্রেশন ক্যাম্পে পরিণত হয়েছে;" রিজভী দাবি করেন।

ভারত সফররত বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, নির্বাচনবিরোধী দেশি-বিদেশি নানা ষড়যন্ত্র মোকাবেলা করে গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে ভারত বাংলাদেশের পাশে ছিলো, পাশে আছে। তিনি বলেন, গত কয়েক দশকে বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক অনন্য উচ্চতায় পৌঁছেছে। একে আরো এগিয়ে নিতে দুই দেশ কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে যাবে। বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) দুপুরে ভারতের রাজধানী নয়া দিল্লিতে বিবেকানন্দ ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন আয়োজিত 'বাংলাদেশ-ভারত সম্পর্কের এক দশক' শীর্ষক একক বক্তৃতায় তিনি এ কথা বলেন। ফাউন্ডেশনের পরিচালক ড. অরবিন্দ গুপ্তের পরিচালনায় ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মো. মুস্তাফিজুর রহমান, বাংলাদেশে ভারতের সাবেক হাইকমিশনার বীণা সিক্রি এ সময় উপস্থিত ছিলেন।

হাছান মাহমুদ বলেন, বাংলাদেশ-ভারতের সম্পর্ক রক্তের বন্ধনের। অন্য যেকোনো দেশের সম্পর্কের সঙ্গে কখনোই বাংলাদেশের সম্পর্ককে এক করা যায় না। মহান মুক্তিযুদ্ধে ভারত সরকারের অবদান বাংলাদেশ সব সময় কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে। তিনি বলেন, প্রতি বছর প্রায় ১৭ লাখ বাংলাদেশি ভারতীয় ভিসার আবেদন করে। দিন দিন এই সংখ্যা বাড়ছে। এটি দুই দেশের পারস্পরিক সুসম্পর্কের পরিচয়ই বহন করে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দুই দেশের সম্পর্কের সোনালি অধ্যায় চলছে উল্লেখ করে হাছান মাহমুদ বলেন, "দুই দেশ বাণিজ্য প্রসার, সন্ত্রাসদমন, জনযোগাযোগ বৃদ্ধি, বিদ্যুৎ ও জ্বালানি, শান্তি, নিরাপত্তাসহ গুরুত্বপূর্ণ ইস্যুতে একযোগে কাজ করছে। দুই দেশের মানুষের সমৃদ্ধি ও উন্নয়নে এই সম্মিলিত প্রয়াস অব্যাহত থাকবে।" বক্তৃতা শেষে হাছান মাহমুদ দুই দেশের জনমানুষের সম্পর্ক, আন্তর্জাতিক পরিপ্রেক্ষিত, রাজনীতি, বাণিজ্যসহ বিভিন্ন বিষয়ে সেশনে উপস্থিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, চিন্তাবিদ, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিদের প্রশ্নের জবাব দেন। এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ ধর্ম নিরপেক্ষতায় বিশ্বাস করে। মাঝে মাঝে সাম্প্রদায়িক অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠতে চায়, পারস্পরিক ভ্রাতৃত্বের সম্পর্কে চিড় ধরাতে চায়। সেসব অপচেষ্টাকে বর্তমান সরকার সবসময়ই প্রতিহত করে এসেছে।

সন্ধ্যায় দিল্লিতে ফরেন করেসপন্ডেন্টস ক্লাব অফ সাউথ এশিয়ার সম্মেলন কক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন হাছান মাহমুদ। ক্লাবের সভাপতি এস ভেঙ্কট নারায়ণ এবং সম্পাদক প্রকাশ নন্দের পরিচালনায় ক্লাব পরিচালনা পর্ষদ ও আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিনিধিরা হাছান মাহমুদের বক্তৃতার পর উন্মুক্ত প্রশ্নোত্তরে অংশ নেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পর্কে এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, "বাংলাদেশে গণতন্ত্র চর্চা হয়। গণতান্ত্রিক প্রক্রিয়ায় এবারও আমাদের দেশে নির্বাচন হয়েছে। নির্বাচন আমাদের দেশে একটি উৎসব। ৭ জানুয়ারি আমাদের দেশে উৎসবের আমেজে নির্বাচন হয়েছে।" সাম্প্রতিক সময়ে ইউরোপের বিভিন্ন দেশে নির্বাচনের পরিসংখ্যান তুলে ধরেন তিনি।

হাছান মাহমুদ জানান, ২০২১ সালে পর্তুগালে নির্বাচনে ২৯.৭ শতাংশ ভোট পড়ে। রোমানিয়ার নির্বাচনে ৩১.৮৪ শতাংশ এবং হংকংয়ের নির্বাচনে ৩০ শতাংশ ভোট পড়ে। এ দেশগুলোতে কোনো বিরোধী দল ছিলো না। হাছান মাহমুদ বলেন, নির্বাচনের পর বিভিন্ন দেশ আমাদের শুভেচ্ছা জানিয়েছে। গতকাল পর্যন্ত ৫৭টি দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং নির্বাচিত সরকারকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে। জাতিসংঘসহ ২০টি আন্তর্জাতিক সংগঠন শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে। হাছান মাহমুদ বলেন, ভারতের মতো বাংলাদেশেও উৎসবমুখর পরিবেশে নির্বাচন হয়। কিন্তু, বরাবরই বিএনপি ও জামায়াত একে বাধাগ্রস্ত করার অপচেষ্টায় লিপ্ত থাকে। তারা জনগণকে ভোটদানে নিরুৎসাহিত করে। কিন্তু, বাংলাদেশের জনগণ সেসব অপচেষ্টা রুখে দেয়। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে টানা চতুর্থবারের মতো সরকার গঠন করে আওয়ামী লীগ।

তিনি বলেন, কয়েক দশকে বাংলাদেশ ও ভারতের সম্পর্ক অনন্য উচ্চতায় পৌঁছেছে। একে আরো এগিয়ে নিতে দুই দেশ কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে। হাছান মাহমুদ বলেন, পারস্পরিক সহযোগিতার অংশ হিসেবে দুই দেশের প্রধানমন্ত্রী বেশ কতগুলো উদ্যোগ নিয়েছেন, যার সুফল পাচ্ছে জনগণ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাদুকরী নেতৃত্বে বাংলাদেশ বিভিন্ন সূচকে অভাবনীয় সাফল্য অর্জন করেছে। বাংলাদেশ ও ভারতের সম্পর্ক রক্তের বলে মন্তব্য করে তিনি বলেন, অন্য যেকোনো দেশের সম্পর্কের সঙ্গে কখনোই বাংলাদেশের সম্পর্ককে তুলনা করা যায় না। তবে, দক্ষিণ এশিয়া অঞ্চলের অগ্রগতি বজায় রাখতে প্রতিবেশী সব রাষ্ট্রের সঙ্গে সদ্ভাব বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

(ভোয়া ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### নির্বাচনে না আসায় বিএনপিকে ভুলের খেসারত দিতে হবে অনেক দিন : কাদের

বাংলাদেশের সাম্প্রতিক জাতীয় সংসদ নির্বাচনে না আসার কারণে বিএনপি এখন অস্তিত্বের সংকটে পড়বে বলে মন্তব্য করেছেন ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :

নির্বাচনে না এসে বিএনপি যে ভুল করেছে, অনেকদিন তার খেসারত দিতে হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, এখন তাদের অস্তিত্ব সংকট রক্ষায় লড়াই করতে

হবে। আজ (শুক্রবার) সকালে রাজধানীর ধানমণ্ডিতে দলীয় সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সমসাময়িক রাজনীতি নিয়ে সাংবাদিকদের সাথে কথা বলেন আওয়ামী আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের (স্বকণ্ঠে) : যারা আন্দোলনটা করবে তাদের সাবজেক্টটিভ প্রিপারেশন লাগবে। নির্বাচনে অংশগ্রহণ না করে তারা যে ভুল করেছে (বিএনপি) সেই ভুলের খেসারত তাদের আরো অনেক দিন দিতে হবে। ওবায়দুল কাদের বলেন, গণতান্ত্রিক দেশের নির্বাচনে অংশ নেয়া প্রতিটি রাজনৈতিক দলের দায়িত্ব। বিএনপি সেই দায়িত্বে অবহেলা করায় তাদের দীর্ঘমেয়াদি খেসারত দিতে হবে। এ সময় পাকিস্তানের নির্বাচনে অনিয়ম নিয়ে কথা না বলায় পশ্চিমাদের সমালোচনাও করেন তিনি (স্বকণ্ঠে) : আমাদের দেশের নির্বাচন নিয়ে বিদেশী শক্তি বিশেষ করে পশ্চিমা বিশ্বে যেভাবে মাতামাতি করে তারপরে এখানে ভিসা পলিসি নিয়ে আসে, তারপর নিষেধাজ্ঞা আরোপের বিষয় আসে। এদিকে তো পাকিস্তানের ক্ষেত্রে মাতামাতি নেই। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৯.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এক রাতে পেঁয়াজ কেজিতে বাড়ল ১৫ টাকা; নির্দেশনা মানছে না মাংস বিক্রেতারা

পবিত্র রমজানকে সামনে রেখে বাংলাদেশের বাজারে পণ্যের দাম প্রতিনিয়ত বাড়ছে। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতার প্রতিবেদন :

রমজান যত কাছে আসছে, বাজারের পণ্যের দাম ততোই বাড়ছে। কিন্তু আমদানির ফলে দেশের বাজারে সেঞ্চুরির পথে এগুতে থাকা আলুর বাজারে স্বস্তি ফিরতে শুরু করলেও বেড়েছে পেঁয়াজের ঝাঁজ। ভোক্তাদের অভিযোগ নিত্যপণ্যের দাম একদিকে কমলেও বাড়ে ১০ দিকে। ১০ টাকা বাড়লে কমে ২ টাকা। তবে, সরকারি উদ্যোগের ফলে আলুর দামে কিছুটা স্বস্তি মিললেও ভরা মৌসুমে সব্জির দাম এখনও সাধারণের ক্রয় ক্ষমতার বাইরে।

পেঁয়াজের দাম আবারও সেঞ্চুরিতে ঠেকল। অপরদিকে চাল, গরুর মাংস, মাছ, মুরগী, ডিম, মসলা জাতীয় পণ্য এবং ছোলা-চিনি-ডাল-তেল-খেজুরের দামও উর্ধ্বমূখী। আসন্ন রমজান মাসকে ঘিরে নিত্যপণ্যের দাম এখনই নাগালের বাইরে বলে অভিযোগ ক্রেতাদের। জনৈক ক্রেতা (স্বকণ্ঠে) : সরকার যেটা বলছে যে রমজান আসার আগেই এগুলির দাম কমে যাবে। এখনো আমরা দেখতে পাচ্ছি যে মসুর ডাল, মুগ ডাল, ছোলা এগুলোর দাম কোন কিছুই কমে নাই। আর স্বীকারও করছেন বিক্রেতারাও। জনৈক বিক্রেতা (স্বকণ্ঠে) : যে খেজুরগুলো আগে ঢুকে গেছে ওগুলো তো বেশি ট্যাক্স দিয়ে ঢুকছে। ওগুলো এখন তারা বেশি দামে বিক্রি করবে। সরকার নির্ধারিত ৬৫০ টাকার গরুর মাংস গত সপ্তাহের মতই বিক্রি হচ্ছে ৭০০ থেকে ৭৫০ টাকায়। মাছের বাজারও আগের মতই উর্ধ্বমুখী। তবে আলু আমদানির ফলে দাম নেমে এসেছে অর্ধেকেরও নিচে।

সরকার চাইলে সিন্ডিকেট ভাঙতে পারে বলে মনে করছেন ভোক্তারা। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে) : আগে যে আধা কেজি আলু কিনত এখন সে ৫ কেজি ১০ কেজি কিনে নেয়। সস্তা হয়ে গেছে তাই। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে) : সরকার চাইলে সিন্ডিকেট ভাঙতে পারেনা এটা এদেশের মানুষ বিশ্বাস করে না। তবে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এ. এইচ. এন শফিকুজ্জামান বলেছেন, সকল প্রকার মজুত ভেঙ্গে বাজারে নির্বিঘ্নে পণ্য সরবরাহ করতে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরসহ সরকারের বিভিন্ন দপ্তর কাজ করে যাচ্ছে। আজ (শুক্রবার) দুপুরে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের (বিএফডিসি) হলরুমে ডিবেট ফর ডেমোক্রেসির 'দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ বর্তমান সরকারের প্রধান চ্যালেঞ্জ' শীর্ষক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন (স্বকণ্ঠে) : সেই বাজার ব্যবস্থা আমরা আসলে যে অ্যানালগ পদ্ধতিতে করছি, মুখে মুখে করছি, এসএমএস এর মাধ্যমে সারা বাংলাদেশে দাম বাড়িয়ে দিচ্ছি। সেই জায়গাটাকে আমরা স্মার্ট ডিভাইস যেটা আছে বা আমরা আইন তৈরি করব। আমরা ওই মজুদের জিনিসগুলো ভেঙে দিতে চাই। আমরা বাজারে সাপ্লাই ধরে রাখতে চাই।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ০৯.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## ইসরায়েল হামাসের প্রস্তাব প্রত্যাখ্যান করার পর যুদ্ধবিরতির জন্য আরও সময়ের প্রয়োজন

একটি গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে যে গাজা উপত্যকায় যুদ্ধ থামানোর মতো একটি চুক্তিতে পৌঁছাতে ইসরায়েল এবং ইসলামিক গ্রুপ হামাসের আরও সময়ের প্রয়োজন হবে। কাতার ভিত্তিক আল জাজিরার একটি প্রতিবেদনে, মিশরীয় সূত্রের উদ্ধৃতি দিয়ে অনুমান করা হচ্ছে যে চুক্তির প্রথম দফার অংশ হিসাবে একটি যুদ্ধবিরতি শুরু হওয়ার আগে নতুন আলোচনা শুরু হতে কমপক্ষে ১০ দিন সময় লাগবে। গত বুধবার ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু হামাসের প্রস্তাবিত একটি যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করার পর এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তিন-পর্যায়ের পরিকল্পনাটিতে, গাজা উপত্যকায় একটি পূর্ণাঙ্গ যুদ্ধবিরতি কার্যকরের পাশাপাশি হামাসের হাতে আটক জিম্মিদের মুক্তির প্রস্তাব করা হয়। হামাস গতকাল বৃহস্পতিবার জানিয়েছে যে আলোচনার মধ্যস্থতাকারী কাতার এবং মিশরের সাথে আলোচনা চালিয়ে যেতে তাদের প্রতিনিধি দল কায়রোতে পৌঁছেছে।

(এনএইচকে ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### জন্ম-মৃত্যু নিবন্ধনে ডিএসসিসির আইন লঙ্ঘন ও জনগণের ভোগান্তি

আইন ও বিধি লঙ্ঘন করে জন্ম নিবন্ধনের জন্য নতুন সার্ভার চালু করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। এই সার্ভারের মাধ্যমে নেয়া জন্ম নিবন্ধন সনদ ব্যবহার করে পাসপোর্টসহ বিভিন্ন সেবা পেতে ভোগান্তিতে পড়ছেন মানুষ। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুযায়ী, রেজিস্ট্রার জেনারেলের অধীনে স্থানীয় সরকারই শুধু জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং সংশ্লিষ্ট সনদ ইস্যু করতে পারে। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর ১৯(২) ধারায়, নিবন্ধনের জন্য রেজিস্ট্রার জেনারেলের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় হতে সফটওয়্যার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্যসমূহ একটি কেন্দ্রীয় তথ্যভাণ্ডারে সংরক্ষণের কথা রয়েছে। জন্ম নিবন্ধন ফি থেকে প্রাপ্ত অর্থ পেতেই ডিএসসিসি নিজস্ব সার্ভার চালুর উদ্যোগ নিয়েছে। এর মাধ্যমে তারা বিধান ভঙ্গ করেছে ও এতে সরকারের আর্থিক ক্ষতি হচ্ছে। গত বছরের ৪ অক্টোবর সার্ভার চালু হওয়ার পর থেকে এ পর্যন্ত ডিএসসিসি ৭৩ হাজার ৯১টি জন্ম নিবন্ধন সনদ ইস্যু করেছে এবং প্রতিটি সনদের জন্য ৫০ টাকা ফি নিয়েছে।

জন্ম নিবন্ধন থেকে পাওয়া রাজস্ব বণ্টন নিয়ে মতবিরোধকে কেন্দ্র করে গত বছরের জুনে ডিএসসিসি ও রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের মধ্যে বিরোধ দেখা দিলে ঢাকা দক্ষিণের বাসিন্দাদের নিবন্ধন প্রক্রিয়া চার মাসের জন্য স্থগিত করা হয়। দ্বন্দ্বের মধ্যেই জন্ম নিবন্ধন প্রক্রিয়া পুনরায় শুরু করতে নিজস্ব সার্ভার চালু করে ডিএসসিসি। গত বছরের ডিসেম্বরে তৎকালীন রেজিস্ট্রার জেনারেল রাশেদুল হাসান অবসরে যাওয়ার আগে ১৯ অক্টোবর ডিএসসিসির বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগে আপত্তিপত্র পাঠান। এতে তিনি বলেন, মৃত্যু ও জন্ম নিবন্ধনের কাজ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের আওতাধীন। সুতরাং ডিএসসিসির সার্ভারে এ সংক্রান্ত যেকোনো কাজ আইন ও বিধানের লঙ্ঘন। তবে ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান বলেন, ‘‘নাগরিকদের ভোগান্তি কমাতে আমরা আমাদের নিজস্ব সার্ভারে নিবন্ধন কার্যক্রম চালু করেছি। রেজিস্ট্রার জেনারেলের সাধারণ সার্ভারে ইনপুট দেওয়া কঠিন ছিল।’’ বিষয়টি নিয়ে জানতে চাইলে রাশেদুল হাসান বলেন, "আমরা অন্যতম সেরা সার্ভার নিয়ে কাজ করছি। অনেক সময় অতিরিক্ত চাপের কারণে তা ধীর হয়ে যেতে পারে। কিন্তু আর কারও কোনো সমস্যা হয়নি। শুধু ডিএসসিসির এই সমস্যা হবে কেন?"

এদিকে জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, বিবাহ নিবন্ধন, জমি রেজিস্ট্রেশন, সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান থেকে নিয়োগের মতো গুরুত্বপূর্ণ কাগজপত্র প্রাপ্তিতে ডিএসসিসির জন্ম নিবন্ধন সনদ অকার্যকর প্রমাণিত হওয়ায় নতুন করে জটিলতা দেখা দেয়। বাসিন্দারা ডিএসসিসির সার্ভারের মাধ্যমে পাওয়া জন্ম নিবন্ধন সনদ ব্যবহার করে অন্য কোনো পরিষেবা পাচ্ছেন না বলে এরইমধ্যে অভিযোগ এসেছে। সেখান থেকে নেওয়া জন্ম নিবন্ধন সনদের তথ্য সমন্বিত সার্ভারে না পাওয়ায় আবেদন ফেরত দিয়েছে পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর।

ডিএসসিসির জনসংযোগ কর্মকর্তা আবু নাছের বলেন, এ প্রতিবন্ধকতা নিরসনে ডিএসসিসি গত বছরের ১৮ অক্টোবর দুটি সরকারি অফিসে একটি চিঠি পাঠিয়ে ডিএসসিসির সার্ভারে প্রবেশ করে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য যাচাই করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানায়। তিনি বলেন, পাসপোর্ট সংক্রান্ত জটিলতা নিরসনে আমরা পাসপোর্ট কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেছি। আমরা আবার বৈঠক করব।

রেজিস্ট্রার জেনারেল মো. যাহিদ হাসান বলেন, ডিএসসিসি জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ভঙ্গ করছে। ডিএসসিসির কারণে সৃষ্ট এই সংকট নিরসনে জনগণ আমাদের সঙ্গে যোগাযোগ করছে। ‘‘তবে তাদের তথ্য আমাদের মূল সার্ভারে না থাকায় আমরা কিছু করতে পারছি না’’, বলেন তিনি। স্থানীয় সরকার বিভাগের সচিব মুহাম্মদ ইব্রাহিম বলেন, ‘‘যেহেতু জন্ম নিবন্ধন আইনে রেজিস্ট্রার জেনারেলকে দায়িত্ব দেওয়া হয়েছে, সেহেতু ব্যক্তিগত সার্ভারে অন্য কেউ করলে সেটা অবশ্যই আইনের লঙ্ঘন।’’ তিনি আরো বলেন, ‘‘তবে ডিএসসিসি নাগরিকদের ভোগান্তি কমাতে এটি করেছে। তাই আমরা তাদের সার্ভারে নিবন্ধিত জন্ম নিবন্ধনকে মূল সার্ভারের সঙ্গে একীভূত করার পরিকল্পনা করছি।’’

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### মিয়ানমারের গৃহযুদ্ধ বাংলাদেশে বিরাট সমস্যা সৃষ্টি করেছে: জি এম কাদের

মিয়ানমারের গৃহযুদ্ধ বাংলাদেশে বিরাট সমস্যা সৃষ্টি করেছে বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের। শুক্রবার বিকেলে রংপুরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় কালে তিনি এই মন্তব্য করেন। এসময় জি এম কাদের জানিয়েছেন আসন্ন উপজেলা নির্বাচনে জাতীয় পার্টি তার দলীয় প্রতীক নিয়েই নির্বাচন করবে।

(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ০৯.০২.২০২৪ রুবাইয়া)

**এবারের বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্বে এ পর্যন্ত পাঁচজন মুসল্লীর মৃত্যু হয়েছে**

গাজীপুরের টঙ্গীর তুরাগ তীরে শুরু হয়েছে তাবলীগ জামাতের ৫৭তম বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব। শুক্রবার ফজরের পরে ভারতের মাওলানা ইলিয়াস বিন সাদের বয়ানের মধ্য দিয়ে শুরু হয় বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব। এই বয়ান বাংলায় তরজমা করেন মাওলানা মনির বিন ইউসুফ। আজ দুপুর দেড়টায় জুমার নামাজের ইমামতি করেন মাওলানা ইউসুফ বিন সাদ। এতে অংশ নেন লাখো মুসল্লি। এর আগে সকাল দশটার পর তালিম বয়ান করেন ভারতের মাওলানা ইলিয়াস। এদিকে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব শুরুর আগেও পরে বার্ধক্য জনিত কারণে পাঁচ মুসল্লির মৃত্যু হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৯.০২.২০২৪ আসাদ)

**বাংলাদেশকে নিয়ে পশ্চিমা বিশ্ব মাতামাতি একটু বেশিই করে : ওবায়দুল কাদের**

বাংলাদেশকে নিয়ে পশ্চিমা বিশ্ব যেভাবে মাতামাতি করে ভিসা নিষেধাজ্ঞা নিয়ে আসে সেভাবে পাকিস্তান নিয়ে করে না বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন পাকিস্তানের গণতন্ত্র ও বাংলাদেশের গণতন্ত্র যোজন যোজন দূরের ব্যাপার। দুনিয়ার কোন দেশে তত্ত্বাবধায়ক সরকার নেই কিন্তু পাকিস্তান ধরে রেখেছে। আমাদের দেশ নিয়ে বিশেষ করে পশ্চিমা বিশ্ব যেভাবে মাতামাতি করে নিষেধাজ্ঞা নিয়ে আসে সেভাবে কিন্তু পাকিস্তান নিয়ে মাতামাতি নেই। শুক্রবার দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এসময় তিনি আরো বলেন নির্বাচনে অংশ না নিয়ে বিএনপি যে ভুল করেছে সেই ভুলের খেসারত অনেকদিন দিতে হবে।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ০৯.০২.২০২৪ আসাদ)

**ভোটার বিহীন সরকারকে সমর্থন দিলে প্রমাণ হবে ভারত এদেশে দুর্বল গণতন্ত্র চায় : রিজভী**

কূটনৈতিক ব্যর্থতায় রোহিঙ্গাদের ফেরত পাঠাতে পারেনি সরকার। নতজানু পররাষ্ট্রনীতির কারণে স্বাধীনতা ও সার্বভৌমত্ব শক্তিশালী করতে পারছে না এমন অভিযোগ করেছেন বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার সকালে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী। তিনি বলেন ক্ষমতায় টিকে থাকতে স্বাধীনতাকে বিক্রি করে দেয়া হয়েছে। ভোটার বিহীন নির্বাচনকে ভারত সমর্থন দিলে প্রমাণ হবে তারা বাংলাদেশের দুর্বল গণতন্ত্র চায়। এ সময় রিজভী কারাগারে থাকা বিএনপি নেতাকর্মীরা মানববাধিকার লজ্ঘনের শিকার হচ্ছেন বলে অভিযোগ করেন। কারা হেফাজতে জেলখানায় থাকা নেতাকর্মীদের মৃত্যুর আন্তর্জাতিক তদন্ত দাবি করেন তিনি। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ০৯.০২.২০২৪ আসাদ)

**২০২৩-২৪ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তি পরীক্ষা শেষ হয়েছে**

২০২৩-২৪ শিক্ষাবর্ষের মেডিকেল ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। শুক্রবার সকাল দশটা থেকে শুরু হওয়া পরীক্ষা চলে বেলা ১১টা পর্যন্ত। ঘন্টা ব্যাপী দেশের ১৯টি পরীক্ষা কেন্দ্রের ৪৪টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হয় এই পরীক্ষা। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মতে গত বছরের চেয়ে এবার সরকারি মেডিকেল কলেজে ১০৩০ আসন বাড়ানো হলেও আবেদন কিছু কম পড়েছে। স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে তথ্যমতে দেশের সরকারি মেডিকেল কলেজগুলোতে ২০২৩-২৪ সেশনে মোট আসন রয়েছে ৫৩৮০টি। সেই হিসেবে প্রতি আসনে বিপরীতে প্রায় ১৯ জন করে লড়বে। আর বেসরকারি মেডিকেলে আসন রয়েছে ৬,১৬৮টি। সবমিলিয়ে ১১,৫৪৮ টি আসনের জন্য ভর্তি যুদ্ধে লিপ্ত হলেন শিক্ষার্থীরা।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৯.০২.২০২৪ আসাদ)

**ভালো মানের চিকিৎসক তৈরি করাই আমাদের প্রধান লক্ষ্য : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন সংখ্যা বৃদ্ধি নয় ভালো মানের চিকিৎসক তৈরি প্রধান লক্ষ্য। তিনি বলেছেন মেডিকেল ভর্তি পরীক্ষার অসদুপায় উপায় অবলম্বনে চেষ্টা করলে কাউকে ছাড়তে হবে না শুক্রবার সকালে এমবিবিএস ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন শেষে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ০৯.০২.২০২৪ আসাদ)

**পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেছেন**

ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সাথে সাক্ষাৎ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। শুক্রবার দুপুরে নায়া দিল্লিতে রাষ্ট্রপতি ভবনে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। ভারতের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ শেষে পররাষ্ট্রমন্ত্রী গণমাধ্যমের সাথেও কথা বলেন। তিনি বলেন অত্যন্ত আন্তরিক পরিবেশে আলোচনা হয়েছে। তাকে আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছি। তিনি প্রধানমন্ত্রীর নেতৃত্বের ভুয়সী প্রশংসা করেছেন। এবং এমন একজন স্ট্রং লেডি যিনি পরপর চারবার এবং পঞ্চম বারের মতো দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন সেজন্য তাকে অভিনন্দন জানিয়েছেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ০৯.০২.২০২৪ রুবাইয়া)

**কক্সবাজারের টেকনাফে যাত্রীবাহী বাসের ধাক্কায় ২ রোহিঙ্গা শিশু নিহত**

কক্সবাজারের টেকনাফে যাত্রীবাহী বাসের ধাক্কায় দুই রোহিঙ্গা শিশু নিহত হয়েছে। শুক্রবার সকাল নটার দিকে কক্সবাজার টেকনাফের শহীদ এটিএম জাফর আলম আরাকান মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। শাহাপুরী হাইওয়ে থানা

পুলিশের পরিদর্শক মোহাম্মদ আব্দুল কাইয়ুম এই তথ্য নিশ্চিত করেছেন। নিহতারা হলো টেকনাফের আলী খালী ২৫ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের শিশু ইসমাইল ও হাসান। স্থানীয়দের বরাতে পুলিশ পরিদর্শক আব্দুল কাইয়ুম জানান সকালে কক্সবাজার টেকনাফ সড়ক দিয়ে বাচ্চাদের নিয়ে সালেহ আহমেদ ও রফিক নিজেদের ক্যাম্প থেকে পাশের শালবাগান ২৬ নম্বর রোহিঙ্গা ক্যাম্পে আত্মীয়ের বাড়িতে বেড়াতে যাচ্ছিলেন। পথিমধ্যে টেকনাফগামী পায়রা পরিবহনের একটি বাস তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলে দুই শিশুর মৃত্যু হয়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০৯.০২.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### বিএনপি যে ভুল করেছে তার খেসারত অনেকদিন দিতে হবে : সেতুমন্ত্রী

বিএনপি নির্বাচনে না এসে যে ভুল করেছে তার খেসারত অনেকদিন দিতে হবে এমন মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ শুক্রবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে এ মন্তব্য করেন তিনি। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'পাকিস্তানের গণতন্ত্র আর বাংলাদেশের গণতন্ত্র যোজন যোজন দূরের ব্যবধানে। দুনিয়ার কোনো দেশে তত্ত্বাবধায়ক নেই, কিন্তু পাকিস্তান তথাকথিত তত্ত্বাবধায়ক ধরে রেখেছে। দুই দেশের মধ্যে পার্থক্যটা হলো আমাদের দেশের নির্বাচন নিয়ে বিদেশি শক্তি বিশেষ করে পশ্চিমা বিশ্ব যেভাবে মাতামাতি করে, ভিসানীতির বিষয় আনে কিন্তু পাকিস্তানের ক্ষেত্রে এ নিয়ে মাতামাতি নেই। পাকিস্তানের নির্বাচনে সহিংসতা, ভোট কারচুপি, জালিয়াতি, ৯ জনের প্রাণহানিও ঘটেছে। দেশটির বেলুচিস্তানে বোমা বিস্ফোরণে কয়েক ডজন মানুষের মৃত্যুর খবর প্রকাশিত হয়েছে।' ওবায়দুল কাদের বলেন, 'আমরা গণতন্ত্রের ট্রু ফর্ম অনুসরণ করি। নির্বাচনে বিরোধীদল আসেনি, কিন্তু নির্বাচন সুষ্ঠু হয়েছে। আমরা বলছি না আমাদের গণতন্ত্র শতভাগ পারফেক্ট। গণতন্ত্রের ছবক দেয় যে পশ্চিমা বিশ্ব তারাও পারফেক্ট নয়।' শনিবার আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা প্রসঙ্গে দলের সাধারণ সম্পাদক বলেন, 'নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের দলের সুদৃঢ় ঐক্যের দরকার। গত নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে। কৌশলগত কারণে স্বতন্ত্র প্রার্থীরা নির্বাচন করেছে। যে নির্বাচনে ৬২ জন নির্বাচিত হয়েছেন। তারাও কিন্তু আওয়ামী লীগের। অনেকে আওয়ামী লীগের পদধারীও আছে। নির্বাচনে নিজেদের মধ্যে কিছুটা ভুল বোঝাবুঝি, মত বিরোধ, দ্বন্দ্ব, সংঘাতের মতো দুঃখজনক ঘটনাও ঘটেছে। হানাহানি দলের অভ্যন্তরে অন্তর কলহ এসব বিষয়ের অবসান ঘটিয়ে নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে দলে সুদৃঢ় ঐক্য দরকার। উপজেলা নির্বাচন, মেয়র নির্বাচন পর্যায়ক্রমে ইউনিয়ন পরিষদ নির্বাচন আছে। নির্বাচন ঘিরে যেন মনোমালিন্য, কোনো সংঘাত না হয় সেজন্যে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সবার মধ্যে ঐক্যবদ্ধ আবহ তৈরির জন্য এই বিশেষ বর্ধিত সভার আয়োজন।' রাজনীতির মাঠে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের অনুপস্থিতি প্রসঙ্গে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, 'যতটুকু জানি তার অনেকগুলো মামলায় জামিন হয়েছে। একটি মামলা, প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় তার ক্ষেত্রে একটু অসুবিধার কারণ হয়ে দাঁড়িয়েছে। হয়তো একটা সময় জামিন হয়ে যাবে। একজন বিনা বিচারে আটকে থাকবে এটা সরকারও চায় না। জামিন হয়নি, ভবিষ্যতে হবে না এটা ঠিক নয়।' ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি নেতাদের বক্তব্য বিশ্বাসযোগ্য মনে হচ্ছে না। একেকজন একেক কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিএনপির মুখপাত্র। তিনি বললে সেটা দলের বক্তব্য।' বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার বিদেশের চিকিৎসা প্রসঙ্গে সেতুমন্ত্রী বলেন, 'পারিবারিকভাবে আবেদনটা করুক। স্বরাষ্ট্র ও আইন মন্ত্রণালয় কীভাবে সুপারিশ করে তারপর বলা যাবে।' প্রেস ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, মির্জা আজম, সুজিত রায় নন্দীসহ কেন্দ্রীয় ও মহানগর আওয়ামী লীগের নেতারা। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

### ভারত থেকে পেঁয়াজ এবং চিনি আমদানির বিষয়ে আলোচনা হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

রমজানের আগে ভারত থেকে ৫০ হাজার টন পেঁয়াজ এবং এক লাখ টন চিনি আমদানির বিষয়ে আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ শুক্রবার দুপুরে ভারতের রাজ্যসভার লিডার অভ দ্যা হাউজ এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গয়ালের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী। পরে সাংবাদিকদের তিনি একথা জানান। তিনি বলেন, 'ভারত থেকে যে পণ্যগুলো আমদানি করি, সেগুলো নিয়ে আলোচনা করেছি। রমজানের আগে ৫০ হাজার টন পেঁয়াজ এবং এক লাখ টন চিনি যাতে আমরা আমদানি করতে পারি সেটি বিস্তারিত আলোচনা করেছি। অন্যান্য বিষয়েও আমরা আলোচনা করেছি।' বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে অনেক ষড়যন্ত্র করা হয়েছিল। কিন্তু ভারত সরকার জোরালোভাবে আমাদের পাশে ছিল, যে কারণে একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন হয়েছে।' বৈঠকে বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গয়াল বলেন, 'বাংলাদেশের রাজনৈতিক ও অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা জরুরি। অবশ্যই ভাই হিসেবে ভারত সবসময় বাংলাদেশের পাশে থাকবে। আমাদের সরকারের সবাই এ বিষয়ে গভীরভাবে অঙ্গীকারাবদ্ধ।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## ইজতেমায় লাখো মুসল্লির জুমার নামাজ আদায়

দেশ বিদেশের লাখো ধর্মপ্রাণ মুসল্লির উপস্থিতিতে দ্বিতীয় পর্বের তিনদিনের বিশ্ব ইজতেমা শুক্রবার বাদ ফজর শুরু হয়েছে। শুরুর দিনেই ইজতেমা ময়দানে অনুষ্ঠিত হয় বৃহত্তম জুমার নামাজ। এ নামাজকে ঘিরে ভোর থেকেই তুরাগ তীরে মুসল্লিদের ঢল নামে। দুপুর পৌনে ২টায় অনুষ্ঠিত বিশাল জুমার নামজের ইমামতি করেন দিল্লীর মাওলানা সাদ কান্ধলভীর বড় ছেলে মাওলানা ইউসুফ বিন সাদ কান্ধলভী। ইজতেমার দ্বিতীয় পর্বে অংশগ্রহণকারীরা ছাড়াও জুমার নামাজে অংশ নিতে ভোর থেকেই রাজধানীসহ আশপাশের এলাকা থেকে ইজতেমা মাঠে সমবেত হতে থাকে মুসল্লিরা। দুপুর ১২টার দিকে ইজতেমা মাঠ উপচে আশপাশের খোলা জায়গাসহ সব স্থান পরিপূর্ণ হয়ে যায়। এছাড়া টঙ্গীর বিভিন্ন উঁচু ভবনের ছাদে থেকেও মুসল্লিরা জুমার নামাজে অংশ নেয়। এদিকে বুধবার রাত থেকে বিভিন্ন জেলার মুসল্লিরা ইজতেমার ময়দানে আসতে শুরু করে। এ পর্বে শুক্রবার পর্যন্ত ছয় হাজারের বেশি বিদেশি মেহমান এসেছে। বিশ্ব ইজতেমার এ পর্বের মিডিয়া সমন্বয়কারী মোহাম্মদ সায়েম জানিয়েছেন, 'প্রায় ৫৬টি দেশে থেকে ছয় হাজারের বেশি বিদেশি মেহমান ইজতেমায় যোগ দিয়েছেন।' প্রথম পর্বের ন্যায় দ্বিতীয় পর্বেও ইজতেমার সার্বিক নিরাপত্তায় আইন শৃংঙ্খলা বাহিনীর সদস্যরা গড়ে তুলেছেন নিরাপত্তা বলয়। গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ মাহবুব আলম বলেন, 'বিশ্ব ইজতেমার প্রথম পর্বের মতো দ্বিতীয় পর্বেও ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই পুরো ইজতেমা এলাকা নিরাপত্তার চাদরে ঢেকে ফেলা হয়েছে।' গাজীপুরের জেলা প্রশাসক আবুল ফাতে মোঃ সফিকুল ইসলাম জানান, 'বিশ্ব ইজতেমায় প্রতিদিন প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হচ্ছে। এছাড়া সিটি কর্পোরেশন ও সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান ইজতেমা ময়দানে মুসল্লিদের খেদমতে নানা কর্মসূচি পালন করছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## ভবিষ্যৎ ডাক্তারদের সৎ ও স্বচ্ছ মনের হতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

নিজে সারাজীবন সৎ থেকেছেন এমন দাবি করে স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, 'এ দেশের পরবর্তী প্রজন্মের প্রতিটি ডাক্তারও সততা নিয়ে, স্বচ্ছতা নিয়ে মানুষের সেবা করে জীবন পার করে দেবে আমি সেটাই চাই।' আজ শুক্রবার সকালে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার রাজধানীর তেজগাঁও কলেজ কেন্দ্র ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন কেন্দ্র পরিদর্শন শেষে এ কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। এসময় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব আজিজুর রহমান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক এ বি এম খুরশীদ আলম, বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, স্বাস্থ্য শিক্ষা বিভাগের মহাপরিচালক অধ্যাপক টিটু মিয়া, আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক রোকেয়া সুলতানা, ঢাকা মেডিকেলের অধ্যক্ষসহ অনেকে উপস্থিত ছিলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'এবারের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ সতর্কতা নেওয়া হয়েছে। সব কেন্দ্রেই বিশেষ সতকর্তা নেওয়া ছিল। প্রতিটি প্রশ্নপত্র বহনকারী ট্রাঙ্কে একটি ইলেক্ট্রনিক ডিভাইস লাগানো ছিল, যার মাধ্যমে অধিদফতর হতে পরীক্ষাকেন্দ্রে আনা নেওয়া কার্যক্রম মনিটরিং করা হয়েছে।' সামন্ত লাল সেন বলেন, 'পরীক্ষাকেন্দ্রে কেন্দ্র ম্যাজিস্ট্রেটসহ কারো কাছেই কোনোরকম মোবাইল যন্ত্র অনুমতি ছিল না। কোনো মেডিকেল কোচিং গত এক মাস খোলা ছিল না। পরীক্ষার আগের দিন ফেসবুকে কোনোরকম প্রশ্নফাঁসের গুজব ছড়ানোর সুযোগ দেয়া হয়নি গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে। মোট কথা, এবারের মেডিকেল ভর্তি পরীক্ষায় যতরকম সতর্ক থাকা যায়, থেকেছি।' তিনি বলেন, 'আমি চাই দেশে সৎ ও উন্নত মানের ডাক্তার তৈরি হোক। নিজে সারাজীবন সৎ থেকেছি, এদেশের পরবর্তী প্রজন্মের প্রতিটি ডাক্তারও সততা নিয়ে, স্বচ্ছতা নিয়ে যেনো মানুষের সেবা করে সেটাই চাই।' এবছর এমবিবিএস ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন, প্রকৃত শিক্ষার্থীদের হয়রানি ও অনিয়ম বন্ধ এবং মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ভর্তি প্রক্রিয়া ডিজিটালাইজেশনের কার্যক্রম নেওয়া হয়েছে। সরকারি মেডিকেল কলেজে বিগত কয়েক বছর অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ এবং ডিজিটালাইজেশনের ফলে প্রশ্নপত্র ফাঁস বন্ধ হয়েছে এবং একটি স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## ভারতের রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ

ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেছেন দেশটিতে সফররত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ শুক্রবার দুপুরে নয়াদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে এ সাক্ষাৎ করেন তিনি। এসময় ভারতের রাষ্ট্রপতিকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানিয়েছেন ড. হাছান মাহমুদ। পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর প্রথম দ্বিপাক্ষিক সফরে মঙ্গলবার, ৬ ফেব্রুয়ারি দিনগত রাতে ভারতের রাজধানীতে পৌঁছান ড. হাছান মাহমুদ। তিনদিনের এ সরকারি সফরের সমাপ্তি দিনে ভারতের ১৫তম রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতটি ছিল আন্তরিকতাপূর্ণ। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ শেষে গণমাধ্যমের সঙ্গে কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, 'ভারতের রাষ্ট্রপতিকে আমি বাংলাদেশে আসার আমন্ত্রণ জানিয়েছি। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন এবং এমন একজন স্ট্রং লেডি পর পর চারবার এবং পঞ্চমবারের মতো দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন সে জন্য তাকে অভিনন্দন জানিয়েছেন। নারীর ক্ষমতায়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে কাজ করছেন সেটির সঙ্গে সহমত পোষণ করেছেন।'

ড. হাছান মাহমুদ বলেন, 'আমি তাকে বলেছি প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিছুদিন আগে বলেছেন জাতিসংঘের জেনারেল সেক্রেটারি হিসেবে একজন নারীকে আমরা দেখতে চাই। ভারতের রাষ্ট্রপতি সেটির সঙ্গেও ঐক্যমত পোষণ করেছেন। বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতির সঙ্গে ভারত সবসময় ছিল এবং ভবিষ্যতেও থাকবে, সেই কথাটি তিনি জানিয়েছেন।' এর আগে ভারতের উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের সঙ্গে সাক্ষাত করেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। দিল্লিতে নতুন পার্লামেন্ট ভবনে অনুষ্ঠিত এ সাক্ষাতে ভারতের ভাইস-প্রেসিডেন্ট ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কের প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং এ সম্পর্ককে আরো এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

**চালের বাজার নিয়ন্ত্রণে অভিযান চলবে : খাদ্যমন্ত্রী**

দিনাজপুরে দিনব্যাপী অবৈধ মজুদ বিরোধী অভিযান পরিচালনা করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। বাজার নিয়ন্ত্রণে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন তিনি। আজ শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর পর্যন্ত দিনাজপুর সদর ও চিরিরবন্দর উপজেলায় একাধিক অটোরাইস মিলে অভিযান পরিচালনা করেন মন্ত্রী। সকালে দিনাজপুর-রংপুর মহাসড়কের চিরিরবন্দর উপজেলার আমবাড়ী উচিৎপুর ঈশান ঈমান গ্রুপের ঈশান এগ্রো অটোরাইস মিলে অভিযানে যান খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি মিলের ক্রয়-বিক্রয় ও মজুদ রেজিস্টার চেক করেন। পরে মিলের গোডাউন পরিদর্শন করেন। সেখান থেকে ফেরার সময় মিলের মালিক ও কর্মকর্তাদের সরকারের নিয়ম মেনে ক্রয়-বিক্রয় করার বিষয়টি অবগত করেন। সেখান থেকে সদর উপজেলার পাঁচবাড়ী হাটে রাইসুল অটোরাইস মিলে অভিযান পরিচালনা করেন মন্ত্রী। তিনি মজুদের পরিমাণ অনুমোদনের কাগজসহ লাইসেন্স চেক করেন।

অভিযানে ব্যবসায়ীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, 'সবাই মিলে চালের বাজার নিয়ন্ত্রণে কাজ করতে হবে। চলমান অভিযান অব্যাহত থাকবে।' তিনি আরো বলেন, 'চাল রফতানি বন্ধ রয়েছে। প্রয়োজনে বাজার নিয়ন্ত্রণে চাল আমদানির নির্দেশনা রয়েছে। অযৌক্তিকভাবে দাম বাড়ানো কোনোভাবেই মেনে নেওয়া হবে না। মিলগেটে চালের দাম কমেছে। যদি খুচরা বাজারেও দাম বাড়ানো হয় তাহলে অভিযান আরো জোরদার করা হবে।' এসময় মন্ত্রীর সঙ্গে ছিলেন দিনাজপুর-৩ আসনের সংসদ সদস্য ও জাতীয় সংসদের হুইপ ইকবালুর রহিম, জেলা খাদ্য নিয়ন্ত্রক কামাল হোসেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

**শুল্ক কমানোর সুফল পেতে সময় লাগবে : ভোক্তার ডিজি**

পণ্যের আমদানি শুল্ক কমানোর সুফল ভোক্তা পর্যায়ে পেতে আরো কিছু সময় লাগবে বলে জানিয়েছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের মহাপরিচালক, ডিজি এ এইচ এম সফিকুজ্জামান। শুক্রবার ঢাকায় এফডিসিতে দ্রব্যমূল্য নিয়ে এক ছায়া সংসদে এ কথা জানান তিনি। প্রতিযোগিতাটি আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি। ভোক্তা অধিদফতরের মহাপরিচালক বলেন, 'সরকার দ্রব্যমূল্যের উর্ধ্বগতি প্রতিরোধে আন্তরিকভাবে কাজ করছে। রমজান মাসের চাহিদা বিবেচনায় এরই মধ্যে কয়েকটি পণ্যের আমদানি শুল্ক কমানো হয়েছে। তবে ভোক্তা পর্যায়ে এর সুফল পেতে কিছুটা সময় লাগবে।' তিনি আরো বলেন, 'দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে অভিযান চালানো হচ্ছে। বাজার মনিটরিং-এর বিরুদ্ধে কোনো প্রভাবশালী মহলের চাপ নেই। পণ্যের দাম নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহ সমন্বিতভাবে কাজ করছে। বাণিজ্য কূটনীতিকে সরকার অগ্রাধিকার দিচ্ছে। বাংলাদেশ কোনোভাবেই শ্রীলঙ্কা বা ভেনিজুয়েলা হবে না।' অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ভোক্তা অধিদফতরের যুদ্ধ চলবে জানিয়ে এ এইচ এম সফিকুজ্জামান বলেন, 'বর্তমানে বিশ্বে ৩৮তম বৃহত্তম অর্থনীতির দেশ বাংলাদেশ। মানুষের কষ্ট লাঘবে সরকার বাজার ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিতে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্ব দিচ্ছে। এরই মধ্যে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেম চালু হয়েছে, যা পণ্যের উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাকে পর্যবেক্ষণ করবে। কেউই রাষ্ট্রের চেয়ে শক্তিশালী নয়।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

**১৫ বছরে আপনারা যত অন্যায়, অপরাধ করেছেন সবকিছুর জবাব দিতে হবে : মান্না**

নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, '১৫ বছরে আপনারা যত অন্যায়, অপরাধ করেছেন সবকিছুর জবাব দিতে হবে। আওয়ামী লীগ খালেদ জিয়া, মির্জা ফখরুলের বিরুদ্ধে ১০ থেকে ২০টা করে মামলা দেয়। আমরা যদি ক্ষমতায় গিয়ে তাদের বিরুদ্ধে মামলা দিতে থাকি, তা একটি ডিকশনারি সমান হয়ে যাবে। দেশের মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়ার অপরাধে মামলা হবে। দেশের ১৭ কোটি মানুষ এরই মধ্যে রায় দিয়েছে, আওয়ামী লীগ নির্বাচিত নয়। আমরা তোমাদের ভোট দিইনি।' আজ শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে তৃণমূল নাগরিক আন্দোলন আয়োজিত 'অরক্ষিত সীমান্ত, ধর্ষিত বাংলাদেশের গণতন্ত্র ও ভোটাধিকার' শীর্ষক উন্মুক্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। মাহমুদুর রহমান মান্না বলেন, 'আমেরিকা বাংলাদেশে সবচাইতে বেশি টাকা বিনিয়োগ করেছে। তারাও বলেছে এ নির্বাচন সুষ্ঠু হয়নি, কিন্তু টাকা পায় বলেই শুধু সম্পর্ক টিকিয়ে রেখেছে। তার মানে এই না যে এটা স্বীকৃতি দিয়েছে। ইউরোপের কোনো দেশ বাংলাদেশের নির্বাচনকে স্বীকৃতি দেয়নি। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন, ইংল্যান্ডে অনেক বাংলাদেশি অবৈধভাবে বসবাস করেন তাদের

ফেরত নিয়ে যান। অথচ এ চিঠির খবর কোথাও ছাপানো হয়নি।' চলমান মিয়ানমার সমস্যা কোনো মূর্খ নেতার পক্ষে সমাধান করা সম্ভব নয় মনে করে তিনি বলেন, 'মিয়ানমার সমস্যা খুব জটিল সমস্যা। কোনো মূর্খ নেতার পক্ষে সেটা সমাধান করা সম্ভব বলে আমাদের মনে হয় না। যখন লাখ লাখ রোহিঙ্গা দেশে প্রবেশ করেছে তখন শেখ হাসিনার ছোট বোন তাকে বলেছিলেন, তুমি ১৭ কোটি লোককে খাওয়াতে পারো, আর ১১ লাখ রোহিঙ্গাকে খাওয়াতে পারবে না? এরকম অর্বাচীনতা বিশ্বের কোনো রাজনীতির মধ্যে নেই। এখন সেই মিয়ানমারের লোকজনই সামরিক শাসনের বিরুদ্ধে যুদ্ধ করছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## নাইক্ষ্যংছড়ি সীমান্তে আরো এক মর্টারশেল উদ্ধার

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুমে একদিনের ব্যবধানে আরো একটি মর্টারশেল উদ্ধার করা হয়েছে। আজ শুক্রবার দুপুরে ঘুমধুম ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড তমব্রু পশ্চিমকূল এলাকা থেকে এটি উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান, দুপুরে তমব্রু পশ্চিমকূল বিজিবি ক্যাম্পের পাশে ধানক্ষেতে কাজ করতে গিয়ে একটি মর্টারশেল দেখতে পান স্থানীয়রা। তারা এটি রাস্তার কাছাকাছি এনে প্রশাসনকে খবর দেন। পরে বিজিবির সদস্যরা ঘটনাস্থলে এসে মর্টারশেলটি নিজেদের হেফাজতে নেয়। এনিয়ে গত ২৪ ঘণ্টার ব্যবধানে দুটি অবিস্ফোরিত মর্টারশেল উদ্ধার করা হয়েছে। মিয়ানমারের বিজিপি সদস্যরা পালিয়ে বাংলাদেশে প্রবেশ করার সময় মর্টারশেলগুলো ফেলে গেছেন বলে ধারণা করা হচ্ছে। নাইক্ষ্যংছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবদুল মান্নান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। এর আগে বৃহস্পতিবার, ৮ ফেব্রুয়ারি দুপুরে ঘুমধুম ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড নোয়াপাড়া এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় অবিস্ফোরিত একটি মর্টারশেল উদ্ধার করে বিজিবি। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## জাবিতে গৃহবধূ ধর্ষণের ঘটনায় মামুনসহ দুইজনের দায় স্বীকার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় মোঃ মামুনুর রশিদ ওরফে মামুন, ৪৪ ও তার অন্যতম সহায়তাকারী মোঃ মুরাদ হোসেন দায় স্বীকার করে আদালতে জবানবন্দি দিয়েছেন। শুক্রবার তাদের আদালতে হাজির করে পুলিশ। এরপর তারা ধর্ষণের ঘটনায় স্বেচ্ছায় স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিতে সম্মত হন। ফলে জবানবন্দি রেকর্ডের আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা আশুলিয়া থানার পুলিশ পরিদর্শক মিজানুর রহমান। আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শেখ মুজাহিদুল ইসলাম তাদের জবানবন্দি রেকর্ড করেন। এরপর তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত। এর আগে বৃহস্পতিবার, ৮ ফেব্রুয়ারি তিনদিনের রিমান্ড শেষে ছাত্রলীগ নেতা মোস্তাফিজুরসহ চারজনকে আদালতে হাজির করে পুলিশ। এরপর মামলার তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তাদের কারাগারে আটক রাখার আবেদন করেন তদন্তকারী কর্মকর্তা। শুনানি শেষে ঢাকার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ফারহানা ইয়াসমিন তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। কারাগারে যাওয়া অন্য আসামিরা হলেন সাব্বির হাসান, সাগর সিদ্দিক ও হাসানুজ্জামান। এর আগে ৪ ফেব্রুয়ারি আসামিদের তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছিলেন ঢাকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রাবেয়া বেগমের আদালত। ৩ ফেব্রুয়ারি দিনগত রাত সাড়ে ৯টার দিকে জাবির মীর মশাররফ হোসেন হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে হলের পাশে জঙ্গলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটে। ওই ঘটনায় ভিকটিমের স্বামী রাতেই বাদী হয়ে আশুলিয়া থানায় ছয়জনের নাম উল্লেখ করে মামলা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

## আরো ৪৭ জনের করোনা শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় ৪৭ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৪৮৭ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮৩ জনে অপরিবর্তিত রয়েছে। আজ শুক্রবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৩৩ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৪ হাজার ৬৮২ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৮৩৩ নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৬৪ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ০৯.০২.২০২৪ প্রতীক)

# BBC

## 'MY MEMORY IS FINE' - BIDEN HITS BACK AT SPECIAL COUNSEL

US President Joe Biden has hit back angrily at an investigation that found he mishandled top secret files and struggled to recall key life events. "My memory is fine", he insisted in a surprise news briefing. He gave an emotional response to a claim that he could not recollect when his son died, saying: "How the hell dare he raise that?" The inquiry found Mr Biden "wilfully retained and disclosed" classified files but decided not to charge him. (BBC Web Page: 09/02/24, FARUK)

**PUTIN TAKES CHARGE AS CARLSON GIVES FREE REIN TO KREMLIN**

Vladimir Putin lectured, joked and occasionally snarled - but not at his host. Tucker Carlson laughed, listened - and then listened some more. During the American's much-hyped encounter with the Russian president, his fixed, fascinated expression slipped a few times. Especially when Putin's promise of a 30- second history lesson became a 30-something minute rant. But for the most part, Carlson seemed to lap up what Russia's president was telling him. Putin was fully in charge of this encounter and for large parts of it his interviewer barely got a word in.

(BBC Web Page: 09/02/24, FARUK)

**US WARNS ISRAEL SENDING TROOPS INTO RAFAH RISKS DISASTER**

The US has warned Israel that staging a military offensive into Gaza's southern city of Rafah without proper planning would be a disaster. Some 1.5 million Palestinians are surviving in the city bordering Egypt in dire humanitarian conditions. The White House said it would not support major operations without due consideration for the refugees there. The comments come days after Israel's leader said the military had been told to prepare to operate in Rafah. Speaking on Thursday evening, and without referring to Rafah, US President Joe Biden said Israel's actions in Gaza had been "over the top". (BBC Web Page: 09/02/24, FARUK)

**DONALD TRUMP SCORES HUGE WIN IN NEVADA CAUCUS**

Former President Donald Trump has won the Nevada Republican caucus by a large margin. The only other person whose name was on the ballot was Ryan Binkley, a pastor and businessman. It means Mr Trump will take all Nevada's 26 delegates, the system used by the parties to determine their presidential candidate. Initial results showed the former president gaining over 99% of the vote. Briefly addressing a victory party in Las Vegas, Donald Trump said: "If we win this state, we easily win the election in November." (BBC Web Page: 09/02/24, FARUK)

**FOUR DEAD IN CLASHES OVER INDIA MOSQUE DEMOLITION**

At least four people have died in violence in a northern Indian state after authorities demolished a mosque, alleging it was constructed illegally. Violence broke out in Uttarakhand's Haldwani town during what police say was an "anti-encroachment drive". Authorities said the drive was launched to clear illegal constructions, including the mosque and an adjoining madrassa. But Muslims who prayed at the mosque say they have been unfairly targeted. Hundreds of protesters and police personnel were injured in the clashes which broke out on Thursday evening. A curfew has been imposed and the state has issued "shoot at sight" orders to bring the situation under control. (BBC Web Page: 09/02/24, FARUK)

**ZELENSKY SACKS UKRAINE'S COMMANDER-IN-CHIEF**

Ukraine's President Volodymyr Zelensky has sacked the commander-in-chief of the country's armed forces, Valerii Zaluzhnyi. It follows speculation about a rift between the president and Gen Zaluzhnyi, who has led Ukraine's war effort since the conflict began. Battle-hardened Gen Oleksandr Syrskyi was announced as his replacement in a presidential decree. It is the biggest change to Ukraine's military leadership since Russia's full-scale invasion in February 2022. President Volodymyr Zelensky said the high command needed to be renewed and that Gen Zaluzhnyi could remain on the team. (BBC Web Page: 09/02/24, FARUK)

**ALMOST 10 MILLION ETHIOPIANS FACE EXTREME HUNGER: OXFAM**

One in three people in northern Ethiopia are facing extreme hunger, the UK-based charity Oxfam says. That's a total of almost 10 million people in the regions of Tigray and Amhara. Conflict and drought have significantly reduced harvest forcing millions to resort to what the charity calls unimaginable ways to survive. A report by a federal

government agency said nearly 400 people had already died in the two regions due to starvation. But this was contradicted by Ethiopia's Prime Minister Abiy Ahmed, who said no deaths had occurred in the country solely because of hunger. Unless relief efforts are scaled up, Oxfam is warning that northern Ethiopia could see a worsening humanitarian catastrophe. (BBC Web Page: 09/02/24, FARUK)

**WORLD'S BIGGEST FLOATING UNIVERSITY BACK IN KENYA**

The cruise ship MV World Odyssey, which hosts a sailing university campus, has docked in the coastal Kenyan town of Mombasa. The vessel allows undergraduate students, recent university graduates and students taking a gap year to study a semester at sea, which involves cruising to different countries to learn about their histories and cultures. "Aboard the ship is 763 passengers, of which 585 are students who will visit institutions of higher learning for educational tours, conduct excursions around the city and visit various wildlife parks during their stay," the Kenya Ports Authority shared on X (formerly Twitter). The university also hosts "lifelong learners" aged 30 or older, as well as faculty and staff.
(BBC Web Page: 09/02/24, FARUK)

**MALAWI LIFTS VISA RESTRICTIONS FOR 79 COUNTRIES**

Malawi has removed visa restrictions for travellers from 79 countries in an effort to boost tourism and trade in the country. The Homeland Security Minister Ken Zikhale, in a gazette notice on Wednesday, amended the immigration regulations - effectively lifting visa barriers for citizens from the UK, China, Russia, Germany, Australia, Canada, Belgium, Ghana, The Gambia, Sierra Leone, France and others. Nationals from the Southern African Development Community (SADC) and the Common Market for Eastern and Southern Africa (Comesa) are also exempt from visa requirements. This excludes countries that impose visa requirements on Malawian citizens. (BBC Web Page: 09/02/24, FARUK)

**::THE END::**